পরিবর্তনের গল্পগাঁথা

Beyond Barriers: Voices of Changes

Manusher Jonno Foundation

LEDARS
Local Environment Development and Agricultural Research Society

Sweden
Sverige

Collection of Stories and information from the Field:
Sulata Rani Saha
Project Officer
Sajeda khatun & KM Aktar Hossain
Field Facilitator
CREA Project, LEDARS

Story, Translation & Editing:
Shubrato Adhikary
Project Coordinator
CREA Project, LEDARS

Photography:
Nelson Mondal
Content Creation & Communication Officer
LEDARS

Coordination & Review:
A.B.M Zakaria
Director Program
LEDARS

Overall Coordination:
Mohon Kumar Mondal
Executive Director
LEDARS

ACKNOWLEDGEMENT

This publication has been prepared under the Community-based Resilience, Women's Empowerment and Action (CREA) Project. We gratefully acknowledge the generous support and guidance of all institutions and individuals who contributed to the successful implementation of this project and the development of this publication.

We sincerely thank the Manusher Jonno Foundation (MJF) and The Embassy of Sweden for their continued trust and financial support, which made the project activities possible. Our appreciation also goes to the relevant government authorities at national, district, upazila, and union levels for their cooperation, technical support, and constructive engagement throughout the project period.

We deeply acknowledge the resilience, leadership, and collective action of the community members especially women whose experiences and voices form the foundation of this publication. Their contribution has been instrumental in advancing community-based resilience and women's empowerment initiatives under the CREA Project.

DISCLAIMER

This publication has been produced as part of the Community-based Resilience, Women's Empowerment and Action (CREA) Project. The views, analyses, interpretations, and conclusions expressed herein are those of the authors and contributors and do not necessarily reflect the official policies or positions of the the Manusher Jonno Foundation (MJF) and The Embassy of Sweden, or any affiliated government or non-government institutions.

The information contained in this publication is based on project experiences, field observations, and available data at the time of preparation. While every effort has been made to ensure accuracy and reliability, the implementing. organization does not guarantee the completeness or correctness of the information and accepts no responsibility for any errors or omissions.

© Copyright Reserved :
All rights to this book are reserved by LEDARS. No part of this publication may be reproduced, copied, stored, or transmitted in any form or by any means without the prior written permission of LEDARS.

Design & Printing: **Hossain Printing Press**
16, Shamsur Rahman Road, Khulna.
Published in: June, 2026
Online version:

সূচিপত্র

০১ প্রতিবন্ধকতা পেরিয়ে প্রেরণার প্রতীক পাপিয়া
০২ উজ্জয়িনী: সবুজ মাঠের স্বপ্নচারিনী
০৩ ভয়কে জয় জেসমিনের
০৪ সুদিনে শেফালি
০৫ অমানিশায় দিশা জুনায়েদ
০৬ তৃণমূলের ভরসা তানিয়া
০৭ রশ্মি হয়ে ওঠা রাশিদা বেগমের উপাখ্যান
০৮ প্রতিকূলতা পেরিয়ে পার্বতী
০৯ গ্রামীণ নারী কৃষি মেলা: উপকূলীয় নারীদের ক্ষমতায়নের মঞ্চ
১০ অদম্য এক জয়িতার গল্প
১১ দীপিকার স্বস্তি
১২ রেহানার রূপান্তর
১৩ তারকের পথে বদলের রথে
১৪ যমুনার জয়যাত্রা
১৫ জেসমিন আরা: বিপত্তিতে বীরঙ্গনা
১৬ প্রথা ভাঙার পথিকৃৎ হাবিবুল্লাহ গাজী

Content

Papeya: A Symbol of Inspiration Overcoming Barriers 01
Ujjayani: A Dreamer of the Green Field 02
Jasmine's Victory Over Fear 03
Shefali's New Chapter of Strength 04
Junaid: A Youth Ray in the Darkest World 05
Tania, the Trust of the Grassroots 06
Rashida Begum: Rising Like a Ray of Light 07
Parbati's Journey Beyond Adversity 08
Rural Women's Agriculture Fair: A Platform for Empowerment 09
The Story of an Indomitable Joyeeta 10
Dipika's Peace of Mind 11
Rehana's Transformation 12
Tarak Paik: An Exceptional Man 13
Jamuna's Triumphant Journey: From Despair to Dignity 14
Jesmin Ara: Braveheart in Adversity 15
Habibullah Gazi: The Tradition Breaker 16

PREFACE

Satkhira is the most disaster-prone district in the south-western coastal region of Bangladesh. Shyamnagar is an upazila of Satkhira District under Khulna Division and is located at the extreme south-western corner of the country. It is the1st largest upazila in Bangladesh. Almost every year, the people of this area are affected by severe disasters such as salinity, tidal surges, saline water intrusion, irregular rainfall, and drought. As a result, the scarcity of safe drinking water is acute in this region.

In the Burigoalini and Gabura unions of ShyamnagarUpazila, Satkhira District, the Local Environment Development and Agricultural Research Society (LEDARS), with financial support from the Government of Sweden and cooperation from ManusherJonno Foundation (MJF), has been implementing the Community-Based Resilience Women's Empowerment and Action (CREA) Project since March 2023. The programme is being implemented in collaboration with civil society, local government institutions, and relevant government departments in line with project needs. Under this programme, LEDARS has been carrying out various initiatives aimed at climate change adaptation, women's empowerment, the establishment of women's rights and dignity, and the improvement of livelihoods. At the same time, greater awareness and a more proactive role have been observed among the general public and local government institutions/departments regarding the rights of women and adolescent girls.

The changes brought about among project beneficiaries and the local community through various programme interventions have been visually documented and reflected in the publication titled **"Beyond Barriers: Voices of Changes."** Each story highlights aspects of transformation and success in the lives and livelihoods of coastal communities. Through the described interventions, the project has played a significant role in preventing violence against women, addressing and reducing gender-based violence, preventing child marriage, stopping sexual harassment, responding to and adapting to the impacts of climate change, promoting climate-smart agricultural production, implementing income-generating activities, ensuring women's rights and protection, and establishing equality with dignity under the theme "Building Equality with Dignity."

We sincerely thank the local administration officials, Union Parishads, guardians, teachers, kazi, imams, and civil society leaders associated with this project. We also express our heartfelt gratitude and thanks to ManusherJonno Foundation (MJF) and the donor, the Government of Sweden.

Mohon Kumar Mondal
Executive Director
LEDARS
Munshi ganj, Shyamnagar, Satkhira

"Change does not happen when barriers disappear.
Change happens when people find the strength to move beyond them."

CASE STORY-1

প্রতিবন্ধকতা পেরিয়ে প্রেরণার প্রতীক পাপিয়া

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম উপকূলীয় অঞ্চল জলবায়ু ঝুঁকি, দারিদ্র্য এবং সামাজিক বৈষম্যের কারণে দীর্ঘদিন ধরে নানা চ্যালেঞ্জের মুখোমুখি। সাতক্ষীরার শ্যামনগর উপজেলার দ্বীপ ইউনিয়ন গাবুরার লক্ষ্মীখালী গ্রামও এর ব্যতিক্রম নয়। এই প্রত্যন্ত গ্রামেরই এক সংগ্রামী কিশোরী পাপিয়া খাতুন- যার জীবনগাথা প্রতিকূলতার মাঝেও অদম্য ইচ্ছাশ-ক্তির এক অনন্য উদাহরণ।

একটি দরিদ্র পরিবারে জন্ম নেওয়া পাপিয়ার বাবা মোঃ ইদ্রিস আলী ঢালী জীবিকা নির্বাহ করেন দিনমজুর হিসেবে। কখনও বাজার থেকে মাছ কিনে গ্রামে গ্রামে বিক্রি করেন, কখনও খণ্ডকালীন শ্রমিকের কাজ করেন। তার মা মোছাঃ সুফিয়া খাতুন একজন গৃহিণী। সীমিত আয়ের এই পরিবারে দুই সন্তানের মধ্যে পাপিয়া বড়। অর্থনৈতিক সংকটের কারণে তার ছোট ভাইকে অল্প বয়সেই পড়াশোনা ছেড়ে ইটভাটায় কাজ করতে যেতে হয়।

কিন্তু দারিদ্র্য পাপিয়ার স্বপ্নকে থামাতে পারেনি। ছোটবেলা থেকেই সে পড়াশোনায় ছিল অত্যন্তমনোযোগী ও মেধাবী। প্রাথমিক বিদ্যালয় থেকে শুরু করে প্রায় প্রতিটি শ্রেণিতেই সে প্রথম

Papeya: A Symbol of Inspiration Overcoming Barriers

The south-western coastal region of Bangladesh has long faced numerous challenges due to climate risks, poverty and social inequality. Lakshmikhali village in Gabura Union of Shyam-nagar Upazila, Satkhira, is no exception. From this remote village comes the story of a resilient adolescent girl, Papeya Khatun - whose life is a remarkable example of indomitable willpower in the face of adversity.

Born into a poor family, Papeya's father, Md. Idris Ali Dhali, earns a living as a day laborer. Sometimes he buys fish from the market and sells them in different villages, at other times, he works as a temporary laborer. Her mother, Most. Sufia Khatun, is a homemaker. Among the two siblings in this low-income family, Papeya is the elder. Due to financial hardship, her younger brother had to drop out of school at an early age and start working in a brick kiln.

However, poverty could not stop Papeya's dreams. From an early age, she was highly attentive and talented in her studies. From primary school onwards, she consistently secured first position in almost every class. Later, she enrolled in Lakshmikhali Darul Sunnat Dakhil Madrasa and continued to progress in her education through her merit and perseverance.

But at the age of just 13, while studying in the eighth grade, her life took a difficult turn. Due to family poverty and social pressure, her parents arranged her marriage against her will to a young man from a neighboring village. This child marriage pushed her education and future into uncertainty.

স্থান অর্জন করত। পরে সে ভর্তি হয় লক্ষ্মীখালী দারুল সুন্নত দাখিল মাদ্রাসায় এবং নিজের মেধা ও অধ্যবসায়ের মাধ্যমে শিক্ষাজীবনে এগিয়ে যেতে থাকে।

তবে মাত্র ১৩ বছর বয়সে, অষ্টম শ্রেণিতে পড়াকালীন তার জীবনে নেমে আসে এক কঠিন বাস্তবতা। পারিবারিক দারিদ্র্য ও সামাজিক চাপের মুখে বাবা-মা তার ইচ্ছার বিরুদ্ধে পাশের গ্রামের এক যুবকের সঙ্গে বিয়ে দিয়ে দেন। এই বাল্যবিবাহ তার শিক্ষা ও ভবিষ্যৎ কে অনিশ্চয়তার মধ্যে ঠেলে দেয়।

বিয়ের পর অল্প সময়ের মধ্যেই পাপিয়া শ্বশুরবাড়িতে শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হতে থাকে। কিন্তু সে নীরব থাকেনি। মাত্র এক মাসের মাথায় অসাধারণ সাহস ও আত্মসম্মানের পরিচয় দিয়ে সে স্বামীর বাড়ি ছেড়ে বাবার বাড়িতে ফিরে আসে। সেই সিদ্ধান্ত ছিল তার জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ মোড়—নিজের ভবিষ্যৎ নিজের হাতে গড়ে তোলার সূচনা।

বাবার বাড়িতে ফিরে এসে পাপিয়া আবার পড়াশোনায় মনোযোগ দেয়। প্রতিকূলতার মধ্যেও সে এসএসসি পরীক্ষায় জিপিএ ৪.৮৫ অর্জন করে কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হয়। উল্লেখযোগ্য বিষয় হলো, এসএসসি পরীক্ষার ফরম ফিলাপের টাকা সে নিজেই দীর্ঘদিন ধরে উপবৃত্তির অর্থ সঞ্চয় করে জোগাড় করে।

পরবর্তীতে সে ভর্তি হয় লক্ষ্মীখালী পরিজান বিবি আলিম মাদ্রাসায়। কিন্তু পরিবারের আর্থিক সীমাবদ্ধতার কারণে উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার খরচ চালানো তার জন্য ক্রমশ কঠিন হয়ে ওঠে। সবচেয়ে বড় সংকট তৈরি হয় এইচএসসি পরীক্ষার ফরম ফিলাপের সময়, যখন প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করা তার পক্ষে প্রায় অসম্ভব হয়ে পড়ে।

এই সংকটময় সময়ে সে সহায়তা প্রার্থনা করে নারী নেতৃত্বাধীন একটি কমিউনিটি দলের কাছে, যারা কাজ করছে লিডার্সবাস্তবায়িত কমিউনিটি-ভিত্তিক সহনশীলতা, নারীর ক্ষমতায়ন ও কর্মসূচি (সিআরইএ) প্রকল্পের অধীনে। দলের সভাপতি রাবেয়া খাতুনের উদ্যোগে পাপিয়া ২০২৪ সালের আগস্ট মাসে বাল্যবিবাহ থেকে বেঁচে ফেরা কিশোরীদের জন্য প্রদত্ত বিশেষ সহায়তা হিসেবে ৬,০০০ টাকা আর্থিক সহায়তা পায়। এই সহায়তা তার শিক্ষাজীবনে এক গুরুত্বপূর্ণ পরিবর্তন এনে দেয়। সে এইচএসসি পরীক্ষার ফরম ফিলাপসহ প্রয়োজনীয় শিক্ষা ব্যয় মেটাতে সক্ষম হয় এবং তার পড়াশোনা অব্যাহত রাখার পথ সুগম হয়। অনুভূতি প্রকাশ করতে গিয়ে পাপিয়া বলেন- "এই সহায়তা আমার স্বপ্নের পথে বড় শক্তি হয়ে দাঁড়িয়েছে। এটি না পেলে হয়তো আমার পড়াশোনা অনেক আগেই থেমে যেত।"

Soon after the marriage, Papeya began to face physical and mental abuse at her in-laws' house. However, she did not remain silent. Within just one month, demonstrating extraordinary courage and self-respect, she left her husband's home and returned to her parents. This decision marked a turning point in her life—the beginning of taking control of her own future.

After returning home, Papeya resumed her studies with renewed determination. Despite all adversities, she successfully passed the SSC examination with an impressive GPA of 4.85. Notably, she managed to pay her SSC exam registration fees herself by saving stipend money over a long period.

Later, she enrolled in Lakshmikhali Parijan Bibi Alim Madrasa. However, due to financial constraints, continuing her higher secondary education became increasingly difficult. The most critical challenge arose during the HSC exam registration period, when arranging the required funds became nearly impossible for her.

At this critical moment, she sought support from a women-led community group working under the Community-based Resilience,

পাপিয়ার স্বপ্ন এখন আরও বড়। উচ্চশিক্ষা সম্পন্ন করে একটি সম্মানজনক চাকরি অর্জনের মাধ্যমে সে নিজের পরিবারকে আর্থিকভাবে সহায়তা করতে চায় এবং সমাজে একটি ইতিবাচক উদাহরণ তৈরি করতে চায়। তার বিশ্বাস- "প্রবল ইচ্ছাশক্তি, আন্তরিকতা ও অবিরাম চেষ্টা থাকলে কোনো বাধাই মানুষের স্বপ্নকে থামিয়ে রাখতে পারে না।"

আজ সে গভীর কৃতজ্ঞতা প্রকাশ করে লিডার্স, মানুষের জন্য ফাউন্ডেশন, এবং **Embassy of Sweden in Bangladesh-**এর প্রতি - যারা তার জীবনের সবচেয়ে কঠিন সময়ে পাশে দাঁড়িয়ে তাকে নতুন করে স্বপ্ন দেখার সাহস দিয়েছে। পাপিয়ার এই যাত্রা আমাদের মনে করিয়ে দেয়–যখন একটি মেয়েকে শিক্ষা ও সুযোগ দেওয়া হয়, তখন শুধু একটি জীবন নয়, একটি সমাজও বদলে যেতে শুরু করে। পাপিয়া খাতুনের গল্প শুধু একজন কিশোরীর ব্যক্তিগত সংগ্রামের কাহিনি নয়। এটি প্রমাণ করে যে সময়োপযোগী সহায়তা, শিক্ষা এবং সামাজিক সমর্থন একটি জীবনকে সম্পূর্ণ নতুন পথে এগিয়ে নিতে পারে।

Women's Empowerment and Action (CREA) project

implemented by LEDARS. With the initiative of the group's president, Rabeya Khatun, Papeya received financial assistance of 6,000 BDT in August 2024 as special support for adolescent girls who have survived child marriage.

This support brought a significant change to her educational journey. She was able to cover her HSC exam registration and other necessary educational expenses, making it possible for her to continue her studies.

Expressing her feelings, Papeya said, "This support has become a great strength in my journey toward my dreams. Without it, my education might have stopped long ago." Papeya now dreams even bigger. She aspires to complete higher education, secure a respectable job, support her family financially and set a positive example in society.

She firmly believes that with strong determination, sincerity and continuous effort, no obstacle can stop a person's dreams.

Today, she expresses deep gratitude to LEDARS, Manusher Jonno Foundation (MJF) and the Embassy of Sweden in Bangladesh for standing beside her during the most difficult time of her life and giving her the courage to dream again. Papeya's journey reminds us that when a girl is given education and opportunities, it is not just one life that changes—an entire society begins to transform.

Papeya Khatun's story is not just a tale of personal struggle, it is a powerful testament to how timely support, education and social backing can lead a life toward a completely new path.

CASE STORY-2

উজ্জয়িনী: সবুজ মাঠের স্বপ্নচারিনী

সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার বুড়িগোয়ালিনী ইউনিয়নের এক প্রত্যন্ত গ্রামে জন্ম উজ্জয়িনী জোয়ারদারের। সমাজের প্রচলিত ধ্যানধারণা, লিঙ্গ বৈষম্য ও অর্থনৈতিক সীমাবদ্ধতার মাঝেই তার বেড়ে ওঠা। যেখানে মেয়েদের স্বপ্নকে প্রায়ই অপ্রয়োজনীয় বলে দমিয়ে রাখা হয়, সেখানেই উজ্জয়িনী বুকভরা সাহস নিয়ে স্বপ্ন দেখেছিল- একদিন সে ফুটবলার হবে।

শৈশব থেকেই ফুটবলের প্রতি তার আকর্ষণ ছিল অদম্য। আশপাশে কোথাও খেলা হলেই সবার আগে মাঠে ছুটে যেত সে। পাড়ার ছেলেদের সঙ্গেও খেলেছে নির্ভয়ে, যদিও অনেকেই মেয়েদের মাঠে নামাকে অবজ্ঞার চোখে দেখত। সমাজের প্রশ্ন ছিল- "মেয়ে হয়ে ফুটবল খেলে কী হবে?" কিন্তু উজ্জয়িনীর কাছে ফুটবল ছিল শুধু খেলা নয়; ছিল নিজের পরিচয় তৈরি করার ভাষা, মুক্তির এক পথ।

এই অদম্য আগ্রহই একদিন তাকে এনে দেয় বড় সুযোগ। তার স্কুল আড়পাংগাশিয়া প্রিয়নাথ মাধ্যমিক বিদ্যালয়ে, বেসরকারি সংস্থা লিডার্স বাস্তবায়িত "সিআরইএ

Ujjayini: A Dreamer of the Green Field

Ujjayini Joardar was born in a remote village of Burigoalini Union under Shyamnagar Upazila in Satkhira District. She grew up amid prevailing social norms, gender discrimination. In a place where girls' dreams are often dismissed as unnecessary, Ujjayini dared to dream boldly one day, she would become a footballer.

From childhood, her passion for football was unstoppable. Whenever there was a game nearby, she would be the first to run to the field. She fearlessly played alongside boys in the neighborhood, even though many looked down upon girls participating in sports. Society would ask, "What is the use of a girl playing football?" To Ujjayini, it was more than a game- it was freedom, confidence, identity, and hope.

Her determination soon created an opportunity that would change her life. At Arpangashia Priyanath Secondary School, she joined an inter-school women's football tournament organized under the CREA Project implemented by LEDARS. In the second round of the match, only ten minutes into the game, Ujjayini scored the winning goal that made her team champions. In front of a crowd-filled field, she sent a clear message: talent has no gender.

Her brilliant performance impressed the Upazila Nirbahi Officer, the Upazila Women Affairs Officer, and other local officials present at the match. They openly recognized what many had failed to see-that if girls are given opportunities, they can rise, lead, and represent the nation.

প্রকল্পের" আওতায় আয়োজিত আন্তঃস্কুল নারী ফুটবল প্রতিযোগিতায় অংশ নেয় সে। খেলাটির দ্বিতীয় পর্বের মাত্র দশ মিনিটে উজ্জয়িনীর করা একমাত্র গোলেই দল জয়লাভ করে এবং চ্যাম্পিয়ন হয়। জনসমাগমে ভরা মাঠে সে প্রমাণ করে দেয়- প্রতিভা লিঙ্গ চেনে না।

খেলায় উপস্থিত উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাসহ স্থানীয় প্রশাসনের প্রতিনিধিরা উজ্জয়িনীর পারফরম্যান্স দেখে মুগ্ধ হন। তাঁদের বক্তব্য ছিল স্পষ্ট- সুযোগ পেলে মেয়েরাও দেশকে প্রতিনিধিত্ব করতে পারে।

এই সাফল্যের ধারাবাহিকতায় উজ্জয়িনী বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)-তে সুযোগ পায়। কিন্তু এখানেই আবার সামনে এসে দাঁড়ায় সামাজিক বাধা। পরিবার থেকে অনুমতি মেলেনি। "একজন মেয়ে একা বাইরে থাকবে- সমাজ কী বলবে?" এই প্রশ্নই থামিয়ে দেয় তার বিকেএসপিতে যাওয়ার পথ। স্বপ্নের গতি কমে যায়, কিন্তু থেমে যায় না উজ্জয়িনী। থানা ও জেলা পর্যায়ে নিয়মিত খেলে, নিজের সামর্থ্যকে শাণিত করে পুনরায় বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)-তে সুযোগ পায় সে। তার অদম্য ইচ্ছার মূল্যায়ন করে তার পরিবার। সে বিকেএসপি-তে খেলছে আকাশসম স্বপ্ন নিয়ে।

Soon after, Ujjayini earned a life-changing opportunity to join the Bangladesh Krira Shikkha Protishtan (BKSP). Yet once again, society tried to stop her. Her family hesitated. They worried about what people would say if a girl lived away from home alone. For Ujjayini, it was only another challenge to overcome.

She continued playing at Upazila and district levels, improving her skills and proving herself again and again. Through relentless effort and unshakable belief, she earned another chance at BKSP. This time, her family recognized her determination and stood beside her. Today, she trains at BKSP with eyes fixed on the sky and dreams bigger than ever.

Ujjayini's story is more than football. It is a story of courage over fear, determination over doubt, and hope over limitation. In a community where gender equality is still a struggle, she has become a symbol of change.

She has proven that greatness does not belong only to cities.

বুড়িগোয়ালিনী ইউনিয়নে আজও লিঙ্গ সমতা পুরোপুরি স্বীকৃত নয়। যদিও বাল্যবিবাহের হার কিছুটা কমেছে, তবুও নারীর স্বাধীনতা, চলাফেরা ও উচ্চাকাঙ্ক্ষার ক্ষেত্রে সামাজিক প্রতিরোধ প্রবল। এমন বাস্তবতায় উজ্জয়িনীর গল্প কেবল একজন খেলোয়াড়ের নয়- এটি একটি দৃষ্টিভঙ্গির পরিবর্তনের গল্প।

উজ্জয়িনী প্রমাণ করেছে, প্রতিভা শহরের একচেটিয়া সম্পদ নয়; গ্রাম থেকেও উঠে আসতে পারে ভবিষ্যতের তারকা। প্রয়োজন শুধু পরিবার, সমাজ ও রাষ্ট্রের সমর্থন। একটি মেয়ের স্বপ্ন যদি কুসংস্কার ও পুরুষতান্ত্রিক মানসিকতায় আটকে যায়, তবে ক্ষতিটা শুধু তার নয়- পুরো জাতির। আজ উজ্জয়িনী জোয়ারদার সংগ্রাম, সাহস ও সম্ভাবনার এক জীবন্ত প্রতীক। সে তার গ্রামের গর্ব, আগামী দিনের দেশের প্রতিনিধি। তার মতো আরও অনেক উজ্জয়িনী আমাদের সমাজে লুকিয়ে আছে- যাদের প্রয়োজন শুধু একটু বিশ্বাস, একটু সুযোগ।

সময় এসেছে তাদের পাশে দাঁড়ানোর। লিঙ্গ সমতা নিশ্চিত করার, নারী খেলোয়াড়দের জন্য সহায়ক পরিবেশ গড়ে তোলার। তাহলেই বাংলাদেশ পাবে তার কন্যাশক্তির পূর্ণ বিকাশ।

Champions can rise from villages, from humble homes, and from the hearts of girls who refuse to give up. What they need is belief, encouragement, and opportunity. If society blocks a girl's dream, it does not only fail her- it fails the future.

Today, Ujjayini Joardar stands as a living example of resilience, strength, and possibility. She is the pride of her village, the inspiration of countless girls, and perhaps tomorrow's representative of Bangladesh.

There are many more Ujjayinis waiting quietly in our communities. Waiting for someone to believe in them. Waiting for one chance. Now is the time to stand beside them, support them, and create a world where every girl can run freely toward her dream.

CASE STORY-3

ভয়কে জয় জেসমিনের

উপকূলীয় শ্যামনগর উপজেলার গাবুরা ইউনিয়নের প্রত্যন্ত গ্রাম খোলপেটুয়া- যেখানে দারিদ্র্য, বৈষম্য ও সামাজিক অসহনশীলতা নারীদের প্রতিদিনের বাস্তবতা। সেখানেই জন্ম জেসমিন আক্তারের। খুব অল্প বয়সেই বাবাকে হারিয়ে সে বেড়ে ওঠে একক মায়ের সংগ্রামী জীবনের সঙ্গী হয়ে। তার মা পিয়ারা বেগম তিন কন্যাসন্তানকে নিয়ে প্রতিদিন লড়াই করেছেন অভাব ও অনিশ্চয়তার সঙ্গে।

যে সমাজে নারীদের দেখা হয় দ্বিতীয় শ্রেণির নাগরিক হিসেবে। যেখানে বেড়ে ওঠা অসংখ্য নারী ও কিশোরী, যারা ছোটবেলা থেকেই শিখে নেয় কীভাবে চুপ থাকতে হয়, কীভাবে নিজের ইচ্ছাকে আড়াল করতে হয়। এই সমাজে মেয়েদের কণ্ঠস্বর প্রায়ই অদৃশ্য, আর সিদ্ধান্ত গ্রহণের জায়গায় তাদের উপস্থিতি সীমিত।

এই পরিবেশে বড় হতে হতে অনেক নারীর মতো জেসমিনও একসময় বিশ্বাস করতে শুরু করেছিল- মেয়েরা নেতৃত্ব দিতে পারে না, নিজের সিদ্ধান্ত নেওয়ার অধিকার তাদের নেই। কিন্তু পরিবর্তনের বীজ রোপিত হয় তখনই, যখন সে যুক্ত হয় লিডার্সের "সিআরইএ" প্রকল্পের আওতায় গঠিত একটি কিশোর-কিশোরী দলে। সংগঠনের সহায়তায় প্রশিক্ষণ, আলোচনা ও দলগত কাজের মধ্য দিয়ে সে প্রথমবার উপলব্ধি করে- নারীর শক্তি নীরবতায় নয়, সচেতনতায়।

Jasmine's Victory Over Fear

In the remote village of Kholpetua, within the coastal Gabura Union of Shyamnagar, poverty, discrimination, and social intolerance are the daily realities for women. This is where Jasmine Akter was born. Losing her father at a very young age, she grew up as a witness and partner to her mother's relentless struggle. Her mother, Piara Begum, fought against scarcity and uncertainty every single day to raise her three daughters.

দলের সক্রিয় সদস্য হিসেবে কাজ করতে করতে জেসমিন নিজেকে গড়ে তোলে একজন আত্মত্মবিশ্বাসী তরুণ নেতৃত্বে। আত্মরক্ষামূলক প্রশিক্ষণ তাকে শুধু শারীরিক নিরাপত্তার কৌশলই শেখায়নি, বরং মানসিক দৃঢ়তা ও আত্মমর্যাদাবোধ জাগিয়ে তুলেছে। সে বুঝতে শেখে-নারীরা দুর্বল নয়; বরং সুযোগের অভাবই তাদের পিছিয়ে রাখে।

এই পরিবর্তন শুধু জেসমিনের জীবনে সীমাবদ্ধ থাকেনি। ধীরে ধীরে তার আশপাশের নারীরাও অনুপ্রাণিত হতে শুরু করে। বাল্যবিবাহের ঝুঁকিতে থাকা কিশোরীরা তার সঙ্গে কথা বলে নিজের ভবিষ্যৎ নিয়ে ভাবতে শেখে। নারীরা একে অন্যের পাশে দাঁড়াতে শুরু করে, প্রশ্ন করতে শেখে, সিদ্ধান্ত নেওয়ার সাহস পায়।

আজ জেসমিনের গল্প একটি বৃহত্তর বাস্তবতাকে তুলে ধরে- যেখানে একজন নারীর পরিবর্তন মানেই একটি সমাজের পরিবর্তনের সূচনা। বৈষম্য ও অসহনশীলতার দেয়াল ভেঙে নারীরা যখন সচেতন হয়, তখন তারা শুধু নিজেদের অধিকার রক্ষা করে না; তারা পরবর্তী প্রজন্মের জন্য নিরাপদ, সমান ও মানবিক একটি সমাজ গড়ে তোলে।

In a society where women are often viewed as second-class citizens, countless girls grow up learning the art of silence and the habit of suppressing their own desires. In this landscape, a woman's voice is almost invisible, and her presence in decision-making spaces is strictly limited.

Growing up in such a restrictive environment, Jasmine, like many others, had begun to believe that leadership was not meant for women and that they had no right to make their own choices. However, the seeds of transformation were sown when she joined an adolescent group formed under the "CREA" project of LEDARS. Through training, discussions, and collaborative efforts supported by the organization, she realized for the first time that a woman's strength lies not in her silence, but in her awareness.

As an active member of the group, Jasmine evolved into a confident young leader. Self-defense training did more than just teach her physical safety; it ignited a sense of mental resilience and self-worth. she came to understand that women are not inherently weak- it is simply a lack of opportunity that holds them back.

This transformation did not remain confined to Jasmine's life alone. Slowly, the women around her began to find inspiration in her journey. Young girls at risk of child marriage started seeking her advice and thinking seriously about their futures. Women began standing by one another, learning to question old norms and finding the courage to make their own decisions.

Today, Jasmine's story reflects a larger reality: when one

এই গল্প কেবল একজন নারীর নয়- এটি উপকূলীয় জনপদের হাজারো নারীর প্রতিচ্ছবি, যারা প্রতিদিন লড়াই করে টিকে থাকার জন্য, সম্মানের জন্য, নিজের পরিচয়ের জন্য। সময়মতো সহায়তা, সচেতনতা ও সুযোগ পেলে এই নারীরাই হয়ে উঠতে পারে সমাজ পরিবর্তনের সবচেয়ে শক্তিশালী চালিকাশক্তি।

আজ জেসমিন আক্তার দারিদ্র্য, সামাজিক অবহেলা ও বৈষম্যকে পেছনে ফেলে হয়ে উঠেছে আত্মরক্ষা ও নেতৃত্বের প্রতীক। সিআরইএ প্রকল্প তার জীবনে যে পরিবর্তনের সূচনা করেছে, তা এখন ধীরে ধীরে রূপ নিচ্ছে একটি বৃহত্তর সামাজিক আন্দোলনে–যেখানে নারীরা আর নীরব নয়, বরং সচেতন, আত্মবিশ্বাসী ও শক্তিশালী।

woman transforms, it marks the beginning of a societal shift.

When women break through the walls of discrimination and intolerance, they do more than just protect their own rights; they build a safer, more equitable, and compassionate world for the next generation.

This is not just the story of one individual- it is a reflection of thousands of women in coastal communities who fight every day for survival, dignity, and identity. Given timely support, awareness, and opportunity, these women can become the most powerful catalysts for social change.

Leaving behind the shadows of poverty, social neglect, and inequality, Jasmine Akter has emerged as a symbol of self-defense and leadership. The change initiated in her life by the "CREA" project is now blossoming into a broader social movement- one where women are no longer silent, but are aware, confident, and empowered.

সুদিনে শেফালি

শেফালি রানি জন্মগ্রহণ করেন বাংলাদেশের দক্ষিণাঞ্চলের বুড়িগোয়ালিনী ইউনিয়নের খোসলখালী গ্রামে এক প্রান্তিক হতদরিদ্র পরিবারে। পাঁচ কন্যাসন্তানের দরিদ্র পিতার অনটন ও অসহায়ত্বেও কারনে দারিদ্র্য ও সমাজের চাপ তার ওপর খুব অল্প বয়স থেকেই ভার হয়ে নেমে আসে। মাত্র ১৩ বছর বয়সে, অভাব-অনটন ও সামাজিক চাপে পড়ে তার বাবা-মা তাকে পার্শ্ববর্তী খোসালখালী গ্রামের বাকপ্রতিবন্ধী ব্রজেন মণ্ডলের সঙ্গে বিয়ে দেন।

বিয়ের পরের জীবন ছিল খুবই কঠিন। এক বছরের মধ্যেই শেফালি এক পুত্র সন্তানের জন্ম দেন। স্বামী বাকপ্রতিবন্ধী হওয়ায় এবং তার কোনো স্থায়ী আয় না থাকায় সমাজেও তিনি ছিলেন উপেক্ষিত। ফলে পুরো সংসারের দায়িত্ব এসে পড়ে শেফালির কাঁধে। তার শ্বশুরবাড়িও ছিল দরিদ্রতার এক চরম উদাহরণ। কিন্তু শেফালি হার মানেননি- বরং সংগ্রামকে নিজের শক্তিতে পরিণত করেন।

পরিবার চালাতে তিনি ঘরের বাইরে কাজ শুরু করেন। দৈনিক মজুরিভিত্তিক শ্রমিক হিসেবে শারীরিকভাবে কষ্টকর কাজ করে অল্প কিছু উপার্জন করতেন, যাতে পরিবারে দু'বেলা খাবার জুটে। কঠিন হলেও তিনি থেমে থাকেননি শেফালি রানি। ঠিক এই সময়ে, লিডার্স-এর কমিউনিটি-ভিত্তিক সহনশীলতা, নারীর ক্ষমতায়ন ও

Shefali's New Chapter of Strength

Shefali Rani was born into an extremely poor household in Khosalkhali village of Burigoalini Union in the climate-vulnerable coastal region of southern Bangladesh. Poverty, social inequality, and gender discrimination shaped her life from early childhood. As one of five daughters of a struggling family, hardship was not an exception but a daily reality.

At the age of 13, under financial pressure and prevailing social norms, she was married to Brajen Mondal, a speech-impaired man from a neighboring village.

Marriage brought even greater challenges. Within a year, Shefali became a mother. With her husband unable to earn a stable income and facing social exclusion due to his disability, the entire responsibility of the household fell on her. Her in-laws also lived in extreme poverty.

কর্মসূচি (সিআরইএ) প্রকল্পের একজন মাঠকর্মীর সঙ্গে তার দেখা হয়। এই সাক্ষাৎ তার জীবনে আনে নতুনভাবে বাঁচার সম্ভাবনা।

তিনি "সিআরইএ" প্রকল্পের অধীনে ৩০ জন নারীর একটি দলে সদস্য হন এবং নিয়মিত দ্বি-মাসিক সভায় অংশ নিতে শুরু করেন। এসব সভায় উন্নয়নমূলক আলোচনা ও সচেতনত-মূলক বিষয়গুলো শোনার পর তার ভেতরে এক নতুন আত্মত্মবিশ্বাস জন্ম নেয়। তিনি বুঝতে পারেন, তিনি একা নন এবং পরিবর্তন সম্ভব।

এই অনুপ্রেরণায় তিনি লিডার্স আয়োজিত একটি সবজি চাষ বিষয়ক প্রশিক্ষণে অংশ নেন। প্রশিক্ষণের জ্ঞান কাজে লাগিয়ে তিনি নিজের বাড়ির আঙিনায় সবজি চাষ শুরু করেন। তার পরিশ্রম সফল হয়। পরিবারের পুষ্টির চাহিদা পূরণের পাশাপাশি তিনি প্রতিবেশী ও স্থানীয় বাজারে অতিরিক্ত সবজি বিক্রি করে আয় করতে থাকেন।

তার উদ্যোক্তা হওয়ার যাত্রা এখানেই থেমে থাকেনি। সিআরইএ প্রকল্প থেকে ৫,০০০ টাকা ঋণ নিয়ে তিনি ১০০টি মুরগির বাচ্চা কিনে ছোট একটি পোলট্রি খামার শুরু করেন। পাশাপাশি দেশি হাঁস ও মুরগিও পালন করতে থাকেন, যেগুলোর ডিম ও মাংস বিক্রি করে বাড়তি আয় অর্জন করেন। একইসঙ্গে তিনি নিজ বাড়িতে তৈরি করতে থাকেন দেশীয় খাবার-বেগুনী, পেঁয়াজু, আলু বড়ার মতো নাস্তা-যা তিনি স্থানীয়দের কাছে বিক্রি করতেন।

এই বহু-মুখী আয়ের উৎস তার জীবনকে আমূল পরিবর্তন করে দেয়। এখন তিনি শুধু বেঁচে থাকার জন্য সংগ্রাম করেন না, বরং তিনি উন্নয়নের পথে হাঁটছেন। নিজের সংসার স্বাবলম্বী-ভাবে পরিচালনা করছেন, সন্তানের লেখাপড়ার খরচ চালাচ্ছেন এবং ভবিষ্যতের জন্য কিছু টাকা সঞ্চয়ও করছেন। তার আত্মবিশ্বাস ও আত্ম-মর্যাদা বেড়েছে বহু গুণ।

আজ শেফালি রানি আত্মত্মবিশ্বাস ও আশার সুরে বলেন, "আমরা নারীরা পারি। আমরা পারবো, যদি সেই সুযোগ ও সুবিধা পাই"।

তার এই গল্প প্রমাণ করে, যথাসময়ে সঠিক সহায়তা, জ্ঞানের সুযোগ এবং প্রথম পদক্ষেপ নেওয়ার সাহস থাকলে, কঠিন জীবনও এক অনন্য অনুপ্রেরণার যাত্রায় রূপ নিতে পারে। লিডার্স ও মানুষের জন্য ফাউন্ডেশনের "সিআরইএ" প্রকল্পের মাধ্যমে শেফালি রানির জীবনই শুধু বদলে যায়নি, তিনি হয়ে উঠেছেন একটি গোটা সম্প্রদায়ের অনুপ্রেরণা।

Yet Shefali did not accept defeat. She stepped outside her home and began working as a daily wage laborer, taking on physically demanding work for minimal earnings, just enough to survive.

A decisive change came when she was connected with the CREA Project (Community-based Resilience, Women's Empowerment and Action), implemented by LEDARS. She joined a women's group and began participating in regular bi-monthly meetings. These sessions introduced her to awareness, rights, and livelihood opportunities. For the first time, she saw a pathway beyond survival.

Shefali later received training in vegetable cultivation from LEDARS and began growing vegetables in her homestead. The results were immediate. Her production supported household nutrition and generated additional income through local sales.

With a small loan of BDT 5,000 from the project, she expanded further starting a poultry farm with 100 chicks and raising ducks and chickens. She also began producing and selling homemade snacks in her community.

These combined initiatives changed her economic condition. She shifted from daily survival struggles to steady income generation. Today, Shefali manages her household independently, supports her child's education, and saves for the future. Her dignity and confidence have grown alongside her income.

Shefali now says with conviction: "Women are capable. With opportunity and support, we can build our own future." Shefali's journey shows how targeted support, skills training, and small financial access can transform vulnerability into resilience. Through the CREA Project of LEDARS with support from Manusher Jonno Foundation, she has moved beyond poverty-not only improving her own life but also becoming a practical example of women's empowerment in her community.

CASE STORY-5

অমানিশায় দিশা জুনায়েদ

দুর্যোগপীড়িত উপকূলীয় জনপদ গাবুরা ইউনিয়নের প্রত্যন্ত গ্রাম বাবুরগাতি (খলিশাবুনিয়া)। দারিদ্র্য, জলবায়ু ঝুঁকি ও সামাজিক বৈষম্যে জর্জরিত এই এলাকাতেই জন্ম জুনায়েদ ইসলামের। তিনি আমজাদ হোসেন ও মরিয়াম খাতুনের জ্যেষ্ঠ সন্তান। সীমিত সম্পদ ও প্রতিকূল পরিবেশে বেড়ে উঠলেও, ছোটবেলা থেকেই জুনায়েদের চোখে ধরা পড়েছিল তার সমাজের গভীর সংকটগুলো।

মাত্র সপ্তম শ্রেণিতে পড়ার সময় থেকেই জুনায়েদ সমাজ পরিবর্তনের স্বপ্ন দেখতে শুরু করে। গাবুরার মতো দুর্যোগপ্রবণ ও পশ্চাৎপদ উপকূলীয় এলাকায় বাল্যবিবাহ, নারী নির্যাতন, শিশু শ্রম, জলবায়ু পরিবর্তনের প্রভাব, চিকিৎসা সংকট, বিশুদ্ধ পানির অভাব এবং শিক্ষার সীমাবদ্ধতা মানুষের জীবনকে প্রতিনিয়ত দুর্বিষহ করে তুলছে-এই বাস্তবতা তাকে গভীরভাবে নাড়া দেয়।

বিশেষ করে অল্প বয়সী মেয়েদের বিয়ে কিংবা নারীর প্রতি বিদ্বেষ ও সহিংসতা দেখলে জুনায়েদের মন ভারী হয়ে উঠত। যে বয়সে মেয়েদের স্কুলে যাওয়ার কথা, খেলাধুলা ও স্বপ্ন দেখার কথা- সে বয়সেই তাদের সংসারের ভার বহন করতে দেখা তাকে ব্যথিত করত। যখন তার সমবয়সী বন্ধুরা মোবাইল গেম ও আড্ডায় ব্যস্ত থাকত, জুনায়েদ তখন পাড়া-মহল্লায় খোঁজ নিত বাল্যবিবাহ, নারী নির্যাতন ও সামাজিক অন্যায়ের ঘটনা সম্পর্কে।

Junaid: A Youth Ray in the Darkest World

Junaid Islam was born into a poor family in Baburagati (Khalishabunia), a remote village in the disaster-prone Gabura Union. He is the eldest child of his parents, Amjad Hossain and Mariam Khatun. From the time he was in seventh grade, Junaid began to dream of changing society. Junaid was not like all other teenagers. Gabura, a disaster-prone, poverty-stricken, and backward coastal region, appeared to him as a challenging society where child marriage, violence against women, child labor, climate change, medical crisis, lack of pure water, and limitations of education were constantly making people's lives miserable.

Junaid would get upset whenever he saw young girls getting married and hostility and violence towards women around him. It felt painful to him that at an age when the girls in the neighborhood should be playing with him, they had to manage a household. So, while his peers were immersed in mobile games and hanging out, he would go around the neighborhoods looking for incidents of child marriage and violence against women.

One day, Junaid met a field worker from LEDARS' Community - Based Resi lience, Women's Empowerment and Action (CREA) project. Then he started working as an active member of the "Suryamukhi Kishor-Kishori Dal". Through the "CREA" project run with the support of LEDARS and Manusher Jonno Foundation, Junaid began to participate in various leadership and awareness training sessions, meetings, and seminars. This project helped him form groups with adolescents and provided oppor

এই পথচলার এক গুরুত্বপূর্ণ মোড় আসে, যখন জুনায়েদের সঙ্গে লিডার্স বাস্তবায়িত "কমিউনিটি-ভিত্তিক সহনশীলতা, নারীর ক্ষমতায়ন ও কর্মসূচি (সিআরইএ)" প্রকল্পের একজন মাঠকর্মীর পরিচয় হয়। এরপর সে যুক্ত হয় "সূর্যমুখী কিশোর-কিশোরী দল"-এর সঙ্গে এবং একজন সক্রিয় সদস্য হিসেবে কাজ শুরু করে।

লিডার্স ও মানুষের জন্য ফাউন্ডেশন-এর সহযোগিতায় পরিচালিত সিআরইএ প্রকল্পের মাধ্যমে জুনায়েদ নেতৃত্ব উন্নয়ন, সচেতনতা বৃদ্ধি ও সামাজিক আন্দোলন বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ, সভা ও সেমিনারে অংশগ্রহণের সুযোগ পায়। এই প্রকল্প তাকে কিশোর-কিশোরীদের সংগঠিত করার পাশাপাশি বাল্যবিবাহ, নারী নির্যাতন ও জলবায়ু পরিবর্তনের মতো গুরুত্বপূর্ণ ইস্যুতে প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনার সক্ষমতা এনে দেয়।

প্রশিক্ষণ ও অভিজ্ঞতার আলোকে জুনায়েদ নিজেকে গড়ে তোলে একজন সচেতন কিশোর নেতা হিসেবে। তিনি শ্যামনগর, মুন্সিগঞ্জ ও গাবুরা এলাকায় আয়োজিত বিভিন্ন ওয়ার্কশপ, সভা ও সেমিনারে অংশগ্রহণ করেন এবং নিজ এলাকায় নিয়মিত সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করেন।

tunities to create awareness and conduct preventive activities on important issues like child marriage, violence against women, and climate change.

To stand against these problems, Junaid has prepared himself as a socially conscious young leader. Using the training and experience gained from the project, he participated in various workshops, meetings, and seminars in Shyamnagar, Munshiganj, and Gabura, and established himself as an awareness worker in his area.

Under Junaid's leadership, 20 child marriages have already been stopped, which is not just a number but it has opened the door to a safe childhood and future for adolescent girls in the coastal region. Not only that, but he has also made significant interventions in issues related to violence against women in Gabura. He has brought positive changes in at least four families by conducting regular courtyard meetings, awareness discussions, and dialogues with the help of the "CREA" project in families where there was a tendency of violence against women.

The male members of these families have now realized their mistakes and have pledged to maintain respect and tolerant behavior towards women.

Junaid believes that the journey of social change is a long process, but every conscious teenager can be a soldier of change. His dream is that every child and woman in a backward community like Gabura should get respect, education, health, and safety.

তার নেতৃত্বে ইতোমধ্যে ২০টি বাল্যবিবাহ প্রতিরোধ করা সম্ভব হয়েছে- যা শুধু একটি পরিসংখ্যান নয়, বরং উপকূলীয় অঞ্চলের বহু কিশোরীর জন্য নিরাপদ শৈশব ও সম্ভাবনাময় ভবিষ্যতের দ্বার উন্মোচন করেছে। পাশাপাশি, গাবুরা ইউনিয়নে নারী নির্যাতন প্রতিরোধেও তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। যেসব পরিবারে নারী নির্যাতনের প্রবণতা ছিল, সেখানে তিনি নিয়মিত উঠান বৈঠক, সচেতনতা আলোচনা এবং সিআরইএ প্রকল্পের সহায়তায় সংলাপ আয়োজন করেন। এর ফলে অন্তত চারটি পরিবারে দৃশ্যমান ইতিবাচক পরিবর্তন এসেছে। সংশ্লিষ্ট পরিবারগুলোর পুরুষ সদস্যরা নিজেদের আচরণ সম্পর্কে সচেতন হয়েছেন এবং নারীর প্রতি সম্মান ও সহনশীলতা বজায় রাখার অঙ্গীকার করেছেন।

জুনায়েদের বিশ্বাস- সমাজ পরিবর্তন একটি দীর্ঘমেয়াদি প্রক্রিয়া, তবে প্রতিটি সচেতন কিশোরই হতে পারে এই পরিবর্তনের একজন সৈনিক। তার স্বপ্ন, গাবুরার প্রতিটি শিশু ও নারী যেন সম্মান, শিক্ষা, স্বাস্থ্য ও নিরাপত্তার অধিকার নিয়ে বেড়ে উঠতে পারে।

লিডার্স-এর দিকনির্দেশনা, সিআরইএ প্রকল্পের সহায়তা এবং নিজের সাহস, স্বপ্ন ও পরিশ্রমের মাধ্যমে জুনায়েদ ইসলাম প্রমাণ করেছে-একজন কিশোরও সমাজ পরিবর্তনের অগ্রদূত হতে পারে। তার এই যাত্রা শুধু তার নিজের নয়; এটি গাবুরা ইউনিয়নের কিশোর-কিশোরী, নারী ও প্রান্তিক মানুষের জন্য এক শক্তিশালী অনুপ্রেরণা।

আজ জুনায়েদ ইসলাম শুধুমাত্র একজন শিক্ষার্থী নয়- সে গাবুরার আশার আলো, আগামী দিনের নেতৃত্ব। লিডার্স ও মানুষের জন্য ফাউন্ডেশন- এর সহযাত্রী হয়ে সে এগিয়ে চলেছে একটি আরও ন্যায্য, সহনশীল ও মানবিক গাবুরা গড়ে তোলার পথে।

With the cooperation of the "CREA" project, the inspiration of LEDARS, and his own courage, dreams, and hard work, Junaid Islam has proved that a teenager can also be a pioneer of social change. This journey of his is not just for himself; it is an inspiration of courage for everyadolescent, woman, and marginalized person in Gabura Union.

Junaid is not just a student now, he is the light of hope for Gabura, the leadership of tomorrow. He is taking Gabura forward on the path of transformation by becoming a fellow traveler of LEDARS and Manusher Jonno Foundation.

তৃণমূলের ভরসা তানিয়া

গাবুরা ইউনিয়নের লক্ষ্মীখালী গ্রাম- বাংলাদেশের উপকূলীয় এক জনপদ, যেখানে দারিদ্র্য, প্রাকৃতিক দুর্যোগ, সামাজিক বৈষম্য এবং অসহনশীলতার ভার সবচেয়ে বেশি পড়ে নারীদের জীবনে। এই সমাজে জন্ম নেওয়া অনেক নারীর জীবন শুরুই হয় সীমাবদ্ধতা দিয়ে, আর স্বপ্নগুলো চাপা পড়ে বাস্তবতার ভারে। ঠিক এমনই এক বাস্তবতায় জন্ম তানিয়া সুলতানার-যার জীবন আজ শুধু ব্যক্তিগত সংগ্রামের গল্প নয়, বরং পরিবর্তনের এক সাহসী দলিল।

মাত্র ১৬ বছর বয়সে তানিয়ার বিয়ে হয় সিরাজুল ইসলামের সঙ্গে। উচ্চশিক্ষার স্বপ্ন তখনো তার চোখে ছিল, কিন্তু বাবার আর্থিক অস্বচ্ছলতা তাকে অপ্রাপ্তবয়স্ক বয়সেই সংসারের দায়িত্ব নিতে বাধ্য করে। বিয়ের পরও সে পড়াশোনা চালিয়ে যেতে চেয়েছিল, কিন্তু স্বামীর পরিবার থেকে আসে একের পর এক বাধা। নারীর শিক্ষা ও আত্মত্মউন্নয়ন- এই সমাজে যা এখনও অনেকের কাছে অপ্রয়োজনীয় বা অগ্রহণযোগ্য।

এরই মধ্যে আঘাত হানে ঘূর্ণিঝড় আইলা। ঘরবাড়ি হারিয়ে তানিয়াদের পরিবার হয়ে পড়ে গৃহহীন। নতুন করে জীবন শুরু করার লড়াইয়ে শ্বশুরবাড়িতে বাবার বাড়ি থেকে কিছু না আনতে পারায় তানিয়াকে সহ্য করতে হয় শারীরিক ও মানসিক নির্যাতন।

Tania, the Trust of the Grassroots

Laxmikhali village in Gabura Union lies in one of Bangladesh's most climate-vulnerable coastal regions, where poverty, cyclones, and social inequality disproportionately affect women. In this difficult setting, many girls grow up with limited opportunities and constrained aspirations.

Tania Sultana was born into this reality. At 16, she was married to Sirajul Islam due to her family's financial hardship. Although she wished to continue her education, early marriage and resistance from her husband's family forced her to abandon that path.

Her life worsened after Cyclone Aila devastated the region, destroying homes and displacing families. She faced ongoing hardship and vulnerability in her marital household, with limited support and increasing responsibility.

Despite these challenges, Tania began small but meaningful change in her community by teaching basic literacy to elderly

এ লড়াইয়ে তানিয়া শুরু করেন এক ব্যতিক্রমী উদ্যোগ- গ্রামের বয়স্ক নারী ও পুরুষদের জন্য স্বাক্ষরতা কার্যক্রম। নিজের হাতে তিনি নিরক্ষর মানুষদের নাম লেখা শেখান। ছোট্ট এই উদ্যোগ গ্রামে বড় সাড়া ফেলে। ধীরে ধীরে তানিয়া হয়ে ওঠেন এক বিশ্বাসযোগ্য নাম, একজন মানবিক সহায়।

তানিয়ার জীবনে অন্যরকম এক পরিবর্তন আসে লিডার্সের সংস্পর্শে এসে। সংগ্রাম চালিয়ে যাওয়া তানিয়া সুলতানা যুক্ত হন "মানুষের জন্য ফাউন্ডেশন"-এর "সিআরইএ" প্রকল্পের চিরবসন্ত নারী দলে। দলের সক্রিয় সদস্য হিসেবে "শালিস ও সামাজিক ন্যায়বিচার" বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করেন। বুঝতে শেখেন সামাজিক আইন, অধিকার সম্পর্কে। সক্রিয় হন নিজের ও সমাজের অবহেলিত নারীদের অস্তিত্ব, সম্মান ও অধিকার রক্ষার জন্য।

যৌতুকের কারণে স্বামীর নির্যাতনের শিকার মুসলিমার পাশে দাঁড়িয়ে তানিয়া ইউনিয়ন পরিষদের মাধ্যমে একটি শালিস সভা আয়োজন করেন। শালিসের মাধ্যমে ন্যায়বিচার নিশ্চিত হয়- মুসলিমার স্বামী ক্ষমা চেয়ে মুচলেকা দিতে বাধ্য হন। সম্মান ও নিরাপত্তা নিয়ে মুসলিমা ফিরে যান নিজের সংসারে।

এখানেই থেমে নেই তানিয়া সুলতানা। মানসিক স্বাস্থ্য বিষয়ে প্রশিক্ষণ নিয়ে তিনি নারীদের কাউন্সেলিং শুরু করেছেন, এমনকি পুরুষদের মধ্যেও মানসিক সচেতনতা তৈরিতে ভূমিকা রাখছেন। বাল্যবিয়ে, যৌতুক, নারী স্বাস্থ্য, জরায়ু ও স্তন ক্যান্সার- এসব বিষয়ে তিনি নিরলস-ভাবে সচেতনতামূলক কাজ করে যাচ্ছেন। আইনি সহায়তার ব্যবস্থা করছেন নির্যাতিত নারীদের জন্য, ভেঙে যাওয়া পরিবার জোড়া

men and women. This initiative earned her respect and recognition as a helpful and trustworthy community member.

A major turning point came when she joined the "Chirobosonto Nari Dal" under the CREA Project (Community-based Resilience, Women's Empowerment and Action) implemented by LEDARS with support from Manusher Jonno Foundation. Through this program, she received training on social justice, mediation, and legal awareness, which strengthened her understanding of rights and gender equality.

Equipped with this knowledge, Tania began actively addressing social issues in her community. She supported survivors of domestic violence and dowry-related abuse, including a case involving a woman named Muslima. Through her initiative, a formal arbitration was held with the Union Parishad, resulting in

লাগাতে রাখছেন মানবিক ভূমিকা। অসংখ্য কলহ ও সহিংসতার ঘটনা তার হস্তক্ষেপে শান্তিপূর্ণ সমাধান পেয়েছে।

আজ তানিয়া সুলতানা একজন স্বীকৃত সামাজিক নেত্রী। নারী-পুরুষ, তরুণ-বৃদ্ধ সকলেই তাকে বিশ্বাস করে, তার কাছে আসে সমস্যার সমাধান খুঁজতে। গ্রামে কোনো শালিস বা পারিবারিক বিরোধে তার উপস্থিতি এখন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

তানিয়ার সবচেয়ে বড় স্বপ্ন- আর কোনো নারী যেন তার মতো স্বপ্ন বিসর্জন দিতে বাধ্য না হয়। তিনি চান নারীরা মানসিকভাবে দৃঢ় হোক, নিজের শক্তি ও জ্ঞানকে চিনুক, এবং সমাজ পরিবর্তনের সাহসী অংশীদার হয়ে উঠুক। ভবিষ্যতে আরও প্রশিক্ষণ, সচেতনতা ও সহায়তামূলক কার্যক্রমের মাধ্যমে তিনি নারীদের পাশে দাঁড়াতে চান।

তানিয়া সুলতানার জীবন কাহিনি কেবল একটি ব্যক্তিগত গল্প নয়- এটি বৈষম্য ও অসহনশীল সমাজে নারীর অদম্য শক্তির প্রতিচ্ছবি। তিনি প্রমাণ করেছেন, সীমাবদ্ধতা নয়-সাহস, সচেতনতা ও নিরবচ্ছিন্ন প্রচেষ্টাই একজন নারীর প্রকৃত পরিচয়।

accountability from the perpetrator and restoration of safety and dignity for the survivor.

She further expanded her work through mental health awareness and counseling for women, while engaging men in discussions on behavior change and emotional wellbeing. Tania continues to raise awareness on child marriage, dowry, women's health, and gender-based violence, and supports survivors in accessing legal assistance and community mediation.

Today, Tania Sultana is a respected community leader in her village. Her guidance is sought in family disputes and social conflicts, and she plays an active role in promoting dialogue, justice, and reconciliation.

Her vision is clear: no woman should be forced to give up her dreams due to poverty, disaster, or discrimination. She envisions empowered women who are aware of their rights and actively contribute to social change.

Tania's journey demonstrates how awareness, opportunity, and courage can transform adversity into leadership. From a life shaped by climate vulnerability and social constraint, she has emerged as a catalyst for justice and community transformation.

রশ্মি হয়ে ওঠা রাশিদা বেগমের উপাখ্যান

শ্যামনগর উপজেলার মুন্সিগঞ্জ ইউনিয়নের জেলেখালী গ্রামে রাশিদা বেগমের জন্ম। চার বোনের মধ্যে সবার বড় রাশিদার ছোটবেলাটি আর দশটা শিশুর মতো ছিল না। পরিবারে কোনো পুত্রসন্তান না থাকায় বাবার একার কাঁধে ছিল পাহাড়সম দায়িত্ব। অভাবের সংসারে দুবেলা অন্নের সংস্থান করাই যেখানে কঠিন, সেখানে পড়াশোনা ছিল এক বিলাসিতা। তবুও অদম্য ইচ্ছায় নবম শ্রেণি পর্যন্ত পড়াশোনা চালিয়েছিলেন তিনি। কিন্তু অভাব আর সামাজিক নিরাপত্তাহীনতা তার সেই পথ রোধ করে দাঁড়ায়। লোলুপ দৃষ্টি থেকে রক্ষা করতে অভাবি পিতা তাকে বিয়ের পিড়িতে বসিয়ে দেয় ১৩ বছর বয়সেই। খেলার বয়সেই রাশিদার কাঁধে আসে সংসারের বোঝা।

বিয়ের এক বছরের মাথায় প্রথম সন্তান এবং পাঁচ বছরের মধ্যে দ্বিতীয় পুত্রসন্তানের জন্ম। কিশোরী বয়সেই তিনি হয়ে ওঠেন দুই সন্তানের জননী। স্বামীর সামান্য আয় আর সংসারের ক্রমবর্ধমান চাহিদা- এই দুইয়ের যাঁতাকলে পিষ্ট হতে থাকে রাশিদার রঙিন স্বপ্নগুলো। অভাব আর পারিবারিক কলহ যেন তার নিত্যদিনের

Rashida Begum: Rising Like a Ray of Light

Rashida Begum was born in Jelekhali village of Munshiganj Union under Shyamnagar Upazila. As the eldest of four sisters, her childhood was far from ordinary. With no sons in the family, the burden of supporting the household rested solely on her father's shoulders. In a family struggling to secure two meals a day, education was considered a luxury. Yet, driven by determination, Rashida continued her studies up to Grade Nine. However, poverty and social insecurity eventually blocked her path. To protect her from predatory eyes and growing insecurity, her impoverished father arranged her marriage when she was only 13 years old. At an age meant for play, Rashida was handed the responsibilities of married life.

Within a year of marriage, she gave birth to her first child, and



সঙ্গী হয়ে দাঁড়ায়- জীবন হয়ে ওঠে দুর্বিষহ, একঘেয়ে আর হতাশায় ঘেরা।

ঠিক যখন রাশিদা অন্ধকারের গহ্বরে তলিয়ে যাচ্ছিলেন, তখনই তার জীবনে আশার আলো হয়ে আসে লিডার্স-এর "সিআরইএ" (CREA) প্রকল্প। সুইডেন দূতাবাসের অর্থায়ন ও মানুষের জন্য ফাউন্ডেশনের সহযোগিতায় পরিচালিত এই প্রকল্পের মাধ্যমে তিনি যুক্ত হন ৩০ জন নারীর সমন্বয়ে গঠিত "মধুমতি নারী দল"-এ।

রাশিদা ছিলেন লাজুক ও স্বল্পভাষী। কিন্তু তার ভেতরের সুপ্ত সম্ভাবনা দলের সদস্যদের নজর কাড়ে। সবার সম্মতিতে তিনি দলের সভাপতি নির্বাচিত হন। এখান থেকেই শুরু হয় তার রূপান্তরের পালা। নিয়মিত সভা, সচেতনতামূলক আলোচনা এবং প্রশিক্ষণে অংশ নিয়ে লাজুক রাশিদা হয়ে ওঠেন একজন আত্মবিশ্বাসী ও বলিষ্ঠ বক্তা। রাশিদা শুধু দলের মধ্যেই সীমাবদ্ধ থাকলেন না। তিনি এলাকার বিভিন্ন সমস্যা তুলে ধরতে ইউনিয়ন পরিষদের সভা ও বিভিন্ন ফোরামে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে শুরু করেন। তার নেতৃত্বের গুণের কারণে তিনি স্থানীয় স্কুল ম্যানেজমেন্ট কমিটির সদস্য হিসেবেও দায়িত্ব পান।

তবে তিনি জানতেন, সত্যিকারের ক্ষমতায়ন আসে অর্থনৈতিক স্বাধীনতা থেকে। সেই তাগিদ থেকে তিনি ১৫ দিনের একটি নিবিড় দর্জি প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে দমে না গিয়ে আয় বৃদ্ধিমূলক কার্যক্রমের জন্য লিডার্স ও নারী দল পরিচালিত IGA ফান্ড থেকে ঋণ এবং নিজের সামান্য সঞ্চয় নিয়ে শুরু করেন সিট কাপড়ের ব্যবসা।

আজ রাশিদা বেগমের ঘরে একটি সেলাই মেশিনের চাকা ঘোরে, যা তার ভাগ্যের চাকাও বদলে দিয়েছে। ঘরের কাজের ফাঁকে তিনি অর্ডার অনুযায়ী পোশাক তৈরি করেন এবং কাপড় বিক্রি করেন। বর্তমানে এই ব্যবসা থেকে তার মাসিক আয় ৫ থেকে ৭ হাজার টাকা। সংসারের খরচে স্বামীর হাতকে শক্তিশালী করার পাশাপাশি লভ্যাংশের বড় অংশ তিনি ব্যবসায় বিনিয়োগ করছেন ব্যবসাটি বড় করার লক্ষ্যে।

রাশিদা বলেন, "আমি আজ যে অবস্থানে আছি, তা সম্ভব হয়েছে 'সিআরইএ' প্রকল্পের জন্য। আমি স্বপ্ন দেখি আমার ছোট ব্যবসাকে বড় করার এবং আরও অনেক অসহায় নারীকে কাজ শিখিয়ে তাদের নিজের পায়ে দাঁড় করানোর।"

রাশিদা বেগম আজ শুধু একজন গৃহিণী বা দর্জি নন; তিনি একজন সফল নারী উদ্যোক্তা এবং সমাজের নারীদের জন্য এক সাহসের নাম। তিনি প্রমাণ করেছেন, সুযোগ এবং সঠিক

within five years, to her second son. Still in her teenage years, Rashida had already become the mother of two children. Her husband's meager income and the ever-growing demands of the family crushed the colorful dreams she once had. Poverty and family conflict became her daily companions, making life unbearable, monotonous, and filled with despair.

Just when Rashida was sinking into the depths of darkness, a ray of hope entered her life through LEDARS' CREA Project. Funded by the Embassy of Sweden and supported by Manusher Jonno Foundation, the project connected her with the Madhumati Women's Group, a collective of 30 women.

Rashida was shy and soft-spoken. But the hidden potential within her soon caught the attention of the group members. With everyone's agreement, she was elected President of the group. This marked the beginning of her transformation. Through regular meetings, awareness sessions, and training opportunities, the timid Rashida gradually became a confident and powerful speaker.

Her leadership did not remain limited to the group alone. She began actively participating in Union Parishad meetings and various community forums, raising local issues and advocating for solutions. Recognizing her leadership qualities, she was also appointed as a member of the local School Management Committee.

However, Rashida knew that true empowerment comes through economic independence. With this understanding, she completed an intensive 15-day tailoring training course. After the training, instead of giving up, she took a loan from the LEDARS and Women's Group-managed revolving fund, added her small savings, and

দিকনির্দেশনা পেলে প্রতিকূলতাকে জয় করে কীভাবে স্বাবলম্বী হওয়া যায়।

started a business selling dress materials.

Today, the wheel of Rashida Begum's sewing machine turns every day-changing the wheel of her destiny as well. Alongside managing household responsibilities, she stitches clothes on order and sells fabrics. Her monthly income now ranges from BDT 5,000 to 7,000. Besides strengthening her husband's hand in managing family expenses, she reinvests a large share of her profits into expanding the business.

Rashida says, "The position I am in today has been made possible because of the CREA Project. I dream of growing my small business and helping many helpless women learn skills so they too can stand on their own feet."

Today, Rashida Begum is not just a housewife or tailor; she is a successful woman entrepreneur and a symbol of courage for the women in her community. She has proven that with opportunity and proper guidance, adversity can be overcome, and self-reliance can be achieved.

CASE STORY-8

প্রতিকূলতা পেরিয়ে পার্বতী

সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার বুড়িগোয়ালিনী ইউনিয়নের পোড়াকাটলা গ্রামে জন্ম পার্বতী মন্ডলের। দারিদ্র্য, সামাজিক সীমাবদ্ধতা এবং বাল্যবিবাহ- এই তিন বাস্তবতার মাঝেই বেড়ে ওঠা তার। ছয় ভাইবোনের মধ্যে পার্বতী ছিলেন সবার ছোট। আর্থিক সংকটের কারণে তার শিক্ষাজীবন বেশিদূর এগোতে পারেনি। দরিদ্র পরিবারে মেয়েদের প্রায়ই বোঝা হিসেবে বিবেচনা করা হতো, ফলে অল্প বয়সেই তার বিয়ে হয়ে যায়। বিয়ের পর তিনি গাবুরা ইউনিয়নের জেলিয়াখালি গ্রামের আরেকটি দরিদ্র পরিবারে আসেন। স্বামী, শ্বশুর-শাশুড়ি এবং দুই সন্তান নিয়ে সংসারের দায়িত্ব তার কাঁধে এসে পড়ে।

পার্বতীর স্বামী পেশায় একজন জেলে। নদীতে মাছ ধরে যে সামান্য আয় হতো, তা দিয়ে পরিবারের মৌলিক চাহিদা পূরণ করাও কঠিন ছিল। এই বাস্তবতায় পার্বতী উপলব্ধি করেন- পরিবারের আর্থিক সংকট দূর করতে হলে তাকে নিজেকেও আয়ের কোনো উৎস তৈরি করতে হবে।

ঠিক সেই সময় তার জীবনে নতুন সম্ভাবনার দ্বার খুলে দেয় লিডার্স একটি মাঠ জরিপের মাধ্যমে তাকে মানুষের জন্য ফাউন্ডেশনের "সিআরইএ"-প্রকল্পের একটি নারী দলে অন্তর্ভুক্ত করা হয়। দলের নিয়মিত সভায় অংশগ্রহণের মাধ্যমে তিনি ধীরে

Parbati's Journey Beyond Adversity

Parbati Mondal was born in Porakatla village of Burigoalini Union under Shyamnagar Upazila in Satkhira District. She grew up amid three harsh realities poverty, social limitations and child marriage. Among six siblings, Parvati was the youngest. Due to severe financial hardship, her education could not continue for long. In poor families, girls were often considered a burden and as a result, she was married off at an early age. After marriage, she moved to another impoverished household in Jeliakhali village of Gabura Union. With her husband, in-laws and two children, the responsibility of maintaining the family soon fell on her shoulders.

Parbati's husband works as a fisherman. The small income he earned from catching fish in the river was not enough to meet the family's basic needs. In this situation, Parvati realized that she also needed to find a source of income to help overcome the family's financial difficulties.

At that time, a new opportunity came into her life. Through a field survey conducted by LEDARS, she was included in a women's group under the CREA project of Manusher Jonno Foundation. By participating in regular group meetings, she gradually gained confidence and began learning about different livelihood opportunities.

ধীরে আত্মবিশ্বাস অর্জন করেন এবং জীবিকা উন্নয়নের বিভিন্ন সম্ভাবনা সম্পর্কে জানতে পারেন।

একটি সভায় সবজি চাষের সম্ভাবনা নিয়ে আলোচনা হলে পার্বতী আগ্রহ প্রকাশ করেন। পরবর্তীতে দলের সিদ্ধান্তে তাকে সবজি চাষের জন্য নির্বাচন করা হয়। লিডার্স উপজেলা কৃষি বিভাগের উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে তার মতো উদ্যোমী কৃষকদের জন্য দুই দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করে, যেখানে তিনি আধুনিক পদ্ধতিতে সবজি চাষ, জমি ব্যবস্থাপনা, সার প্রয়োগ এবং রোগ-পোকা দমন বিষয়ে ব্যবহারিক জ্ঞান অর্জন করেন।

প্রশিক্ষণ শেষে পার্বতী নিজের বাড়ির আঙিনা এবং আশেপাশের পতিত জমিতে সবজি চাষ শুরু করেন। তিনি "সিআরইএ" প্রকল্পের আওতায় ৮,০০০ টাকা আর্থিক সহায়তা পান, যা তার কৃষি উদ্যোগের সূচনা করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

প্রথমদিকে তিনি ছোট একটি জমিতে কুমড়া, লাউ, বিভিন্ন শাকসবজি, বেগুন, মরিচ এবং টমেটো চাষ শুরু করেন। উৎপাদন ব্যয় কমানোর জন্য তিনি রাসায়নিক কীটনাশকের পরিবর্তে জৈব সার এবং প্রাকৃতিক পদ্ধতিতে পোকা দমন ব্যবহার করেন। উৎপাদিত সবজি স্থানীয় বাজারে বিক্রি করে তিনি ধীরে ধীরে আয় বাড়াতে সক্ষম হন।

সময়ের সঙ্গে সঙ্গে তার উৎপাদন এবং আয় বৃদ্ধি পায়, ফলে তিনি চাষের পরিধিও সম্প্রসারণ করেন। খরা বা অতিবৃষ্টির মতো প্রতিকূল পরিস্থিতিতে ফসলের ক্ষতি হলেও তিনি থেমে থাকেননি। বস্তা পদ্ধতিতে চাষ এবং মালচিং প্রযুক্তি ব্যবহার করে তিনি এসব সমস্যার কার্যকর সমাধান খুঁজে নেন।

এই উদ্যোগের ফলে তার পরিবারের আর্থিক অবস্থার দৃশ্যমান উন্নতি হয়েছে।

During one meeting, when the possibility of vegetable cultivation was discussed, Parvati expressed her interest. Later, based on the group's decision, she was selected for vegetable farming. LEDARS arranged a two-day training session for enthusiastic farmers like her through the Sub-Assistant Agriculture Officer of the Upazila Agriculture Department. In the training, she gained practical knowledge about modern vegetable cultivation techniques land management, proper fertilizer application, pest and disease control.

After completing the training, Parvati started cultivating vegetables in her home yard and nearby fallow land. Under the CREA project, she received financial support of BDT 8,000, which played a crucial role in launching her agricultural initiative.

Initially, she began cultivating pumpkin, bottle gourd, leafz vegetables, eggplant, chili and tomatoes on a small piece of land. To reduce production costs, she used organic fertilizers and natural pest control methods instead of chemical pesticides. By selling her produce in the local market, she gradually managed to increase her income.

Over time, her production and earnings grew, allowing her to expand her farming activities. Even when crops were damaged due to adverse conditions such as drought or excessive rainfall, she did not give up. By adopting sack cultivation methods and mulching technology, she found effective solutions to these challenges.

As a result of her efforts, her family's financial condition has improved noticeably. She can now afford her children's educational expenses and meet the family's nutritional and other needs. Moreover, her success has inspired many other women in the

তিনি এখন সন্তানদের পড়াশোনার খরচ বহন করতে পারছেন এবং পরিবারের পুষ্টি ও অন্যান্য প্রয়োজন মেটাতে সক্ষম হচ্ছেন। শুধু তাই নয়, তার সাফল্য আশেপাশের অন্যান্য নারীদেরও অনুপ্রাণিত করেছে। অনেক নারী এখন তার কাছ থেকে উৎসাহ পেয়ে সবজি চাষে যুক্ত হচ্ছেন এবং নিজেদের জীবিকা উন্নয়নের নতুন পথ খুঁজে পাচ্ছেন।

স্থানীয় কৃষি অফিস, লিডার্স এবং মানুষের জন্য ফাউন্ডেশন-এর সহায়তায় পার্বতী এখন আরও উন্নত কৃষি প্রযুক্তি ব্যবহার করছেন, যা তার উৎপাদন-শীলতা ও আয় বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

পার্বতী মন্ডলের এই সাফল্যের গল্প প্রমাণ করে- সঠিক প্রশিক্ষণ, পরিকল্পনা এবং সুযোগ পেলে নারীরাও কৃষিক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। একসময় যেখানে নারীদের কৃষিকাজকে তেমন গুরুত্ব দেওয়া হতো না, সেখানে তার এই উদ্যোগ সমাজের দৃষ্টিভঙ্গিতে ইতিবাচক পরিবর্তন এনেছে।

আজ পার্বতী মন্ডল শুধু একজন সফল কৃষক নন; তিনি স্থানীয় নারীদের জন্য অনুপ্রেরণার প্রতীক। তার জীবনগাথা দেখিয়ে দেয়-সুযোগ, সহায়তা এবং দৃঢ় সংকল্প থাকলে একজন নারী নিজের জীবন বদলে দেওয়ার পাশাপাশি সমাজের উন্নয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন।

community. Encouraged by her example, several women have begun vegetable farming and are discovering new pathways for improving their livelihoods.

With the support of the local Agriculture Office, LEDARS, and Manusher Jonno Foundation, Parvati is now using more advanced agricultural technologies, which are playing an important role in increasing her productivity and income.

Parbati Mondal's success story proves that with proper training, planning and opportunities, women can make significant contributions to agriculture. At a time when women's involvement in farming was often undervalued, her initiative has helped bring a positive change in social attitudes.

Today, Parbati Mondal is not only a successful farmer but also a symbol of inspiration for local women. Her life story shows that with opportunity, support, and determination, a woman can transform her own life while also contributing to the development of her community.

গ্রামীণ নারী কৃষি মেলা:
নারীর শ্রমের স্বীকৃতি অর্থনৈতিক ক্ষমতায়ন ও সামাজিক পরিবর্তনের অগ্রযাত্রা

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম উপকূলীয় শ্যামনগরের গাবুরা ও বুড়িগোয়ালিনী ইউনিয়নে নারীর শ্রম, দক্ষতা এবং অর্থনৈতিক অবদানকে স্বীকৃতি দেওয়ার একটি গুরুত্বপূর্ণ সামাজিক উদ্যোগ হিসেবে গড়ে উঠেছে গ্রামীণ নারী কৃষি মেলা।

CASE STORY-9

এই মেলার মূল লক্ষ্য হলো গ্রামীণ নারীদের কেবল গৃহস্থালির শ্রমে সীমাবদ্ধ না রেখে তাদেরকে উৎপাদক, উদ্যোক্তা এবং স্থানীয় অর্থনীতির সক্রিয় অংশীদার হিসেবে প্রতিষ্ঠিত করা। একই সঙ্গে নারীর অদৃশ্য শ্রমকে সামাজিক ও অর্থনৈতিক স্বীকৃতি দেওয়ার একটি শক্তিশালী প্ল্যাটফর্ম তৈরি করা।

২০২৩ হতে শুরু হওয়া এই উদ্যোগটি মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ) এবং এ্যাম্বাসি অব সুইডেনের সহযোগিতায় ও "কমিউনিটি-ভিত্তিক সহনশীলতা, নারীর ক্ষমতায়ন ও কর্মসূচি (সিআরইএ)" প্রকল্পের আওতায়। ধারাবাহিকভাবে বাস্তবায়ন করছে বেসরকারি উন্নয়ন সংস্থা লিডার্স। প্রতিটি আয়োজনেই স্থানীয় নারী দল, কিশোর-কিশোরী দল এবং যুব দলের সদস্যরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছেন।

Rural Women's Agriculture Fair:
Advancing Recognition of Women's Labor, Economic Empowerment and Social Transformation

The Rural Women's Agriculture Fair has emerged as an important social initiative in Gabura and Burigoalini unions of Shyamnagar, in the southwest coastal region of Bangladesh, to recognize women's labor, skills, and economic contributions.

The main objective of this fair is to move rural women beyond the boundaries of unpaid household work and establish them as producers, entrepreneurs, and active contributors to the local economy. At the same time, it creates a strong platform for giving social and economic recognition to women's invisible labor.

Launched in 2023, this initiative has been implemented continuously by the non-governmental development organization LEDARS, with support from Manusher Jonno Foundation (MJF) and the Embassy of Sweden, under the Community-Based Resilience, Women's Empowerment and Action (CREA) Project. In every event, local women's groups, adolescent groups, and youth groups have actively participated.

At the fair, women showcase their agricultural products such as

মেলায় নারীরা তাদের উৎপাদিত কৃষিপণ্য, যেমন ধান, সবজি, মাছ, হাঁস-মুরগি, গবাদিপশু, হস্তশিল্প এবং পরিবেশবান্ধব কৃষি উদ্ভাবন প্রদর্শন করেন। এটি শুধু একটি প্রদর্শনী নয়; বরং নারীদের জন্য একটি বাস্তব অর্থনৈতিক সুযোগ, যেখানে তারা নিজেদের পণ্য বিক্রি, বাজার সংযোগ তৈরি এবং নতুন ক্রেতার সঙ্গে সম্পর্ক গড়ে তুলতে পারেন।

এই মেলার মাধ্যমে নারীরা অভিযোজিত কৃষি প্রযুক্তি, টেকসই চাষাবাদ পদ্ধতি এবং বিপণন কৌশল প্রদর্শন ও তা সম্পর্কে জ্ঞান অর্জনের সুযোগ পায়। ফলে তাদের উৎপাদন সক্ষমতা ও আয় বৃদ্ধির পাশাপাশি আত্মআবিশ্বাসও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়।

মেলায় স্থানীয় জনপ্রতিনিধি, কৃষি কর্মকর্তা, শিক্ষক, সাংবাদিক এবং সাধারণ মানুষ অংশ-গ্রহণ করেন। তারা নারীর শ্রম, অধিকার এবং কৃষিতে তাদের অবদানের বিষয়ে মতবিনিময় করেন। এতে সমাজে নারীর কাজ সম্পর্কে প্রচলিত দৃষ্টিভঙ্গি পরিবর্তন হতে শুরু করেছে, যেখানে নারীর শ্রমকে এখন অর্থনৈতিক অবদান হিসেবে দেখা হচ্ছে।

লিডার্স-এর সিআরইএ প্রকল্প এই উদ্যোগের মূল ভিত্তি হিসেবে কাজ করছে। এই প্রকল্প নারীদের সংগঠিত করা, নেতৃত্ব গড়ে তোলা, দক্ষতা উন্নয়ন এবং জীবিকা বৃদ্ধির জন্য ধারাবাহিকভাবে কাজ করছে। মেলার মাধ্যমে সেই সক্ষমতাকে বাজার ও সমাজের সামনে দৃশ্যমান করা হচ্ছে। এই উদ্যোগের ফলে স্থানীয় পর্যায়ে নারীদের মধ্যে উল্লেখযোগ্য পরিবর্তন

rice, vegetables, fish, poultry, livestock, handicrafts, and climate-friendly agricultural innovations. It is not merely an exhibition; rather, it provides a real economic opportunity where women can sell their products, build market linkages, and establish relationships with new buyers.

Through this fair, women also gain opportunities to display and learn about climate-adaptive farming technologies, sustainable cultivation methods, and marketing strategies. As a result, their production capacity, income levels, and self-confidence have significantly increased.

Local representatives, agricultural officers, teachers, journalists, and community members attend the fair. They exchange views on women's labor, rights, and contributions to agriculture. This has begun to transform traditional social attitudes, where women's work is now increasingly seen as an economic contribution rather than unpaid domestic duty.

দেখা যাচ্ছে। নারী দলগুলো আরও সংগঠিত হয়েছে, ক্ষুদ্র উদ্যোক্তার সংখ্যা বেড়েছে, এবং পারিবারিক ও সামাজিক সিদ্ধান্ত গ্রহণে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পেয়েছে। অনেক নারী এখন নিজের উদ্যোগে হাঁস-মুরগি পালন, সবজি চাষ এবং ক্ষুদ্র ব্যবসা শুরু করেছেন।

যে নারী আগে শুধুই গৃহিণী হিসেবে পরিচিত ছিল, তিনিই এখন সংসারের আয় বৃদ্ধির অংশীদার। পরিবারের ব্যয়, সন্তানের শিক্ষা, চিকিৎসা এবং সঞ্চয়ে তারা ভূমিকা রাখতে শুরু করেন। অর্থনৈতিক ভূমিকা বাড়ার সঙ্গে সঙ্গে পরিবারে নারীর মতামতের মূল্যও বাড়তে থাকে। এখন অনেক নারী পরিবারের খরচ, সন্তানদের পড়াশোনা, জমি ব্যবস্থাপনা, ব্যবসা পরিকল্পনা কিংবা সামাজিক বিষয়ে মতামত দিচ্ছে।

গ্রামীণ নারী কৃষি মেলা এখন শুধু একটি বার্ষিক আয়োজন নয়; এটি নারীর শ্রমের স্বীকৃতি, সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন এবং অর্থনৈতিক ক্ষমতায়নের একটি শক্তিশালী প্রতীক। বাংলাদেশের কৃষি অর্থনীতিতে নারীরা প্রায় অর্ধেক অবদান রাখলেও তাদের শ্রম দীর্ঘদিন অদৃশ্য ছিল। এই উদ্যোগ সেই অদৃশ্যতাকে দৃশ্যমান করছে।

লিডার্স-এর সিআরইএ প্রকল্প প্রমাণ করছে, যখন নারীরা সংগঠন, প্রশিক্ষণ এবং সুযোগ পায়, তখন তারা শুধু নিজেদের জীবন নয়, বরং পুরো পরিবার ও সমাজের উন্নয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়।

The CREA Project of LEDARS serves as the foundation of this initiative. The project has been working consistently to organize women, build leadership, develop skills, and improve livelihoods. Through the fair, these capacities are made visible to both the market and society.

As a result of this initiative, remarkable changes are being seen at the local level. Women's groups have become more organized, the number of small entrepreneurs has increased, and women's participation in family and community decision-making has grown. Many women have started poultry farming, vegetable cultivation, and small businesses of their own.

Women who were once known only as homemakers are now active contributors to household income. They are helping cover family expenses, children's education, healthcare, and savings. With greater economic participation, the value of women's opinions within the family has also increased. Many women are now involved in decisions related to household spending, children's education, land management, business planning, and social matters.

The Rural Women's Agriculture Fair is no longer just an annual event; it has become a powerful symbol of recognition for women's labor, changing social mindsets, and economic empowerment. Although women contribute nearly half of Bangladesh's agricultural economy, their labor remained invisible for many years. This initiative is making that invisible contribution visible.

The CREA Project of LEDARS is proving that when women are given organization, training, and opportunities, they can play a vital role not only in improving their own lives, but also in advancing their families and society as a whole.

অদম্য এক জয়িতার গল্প

সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার নকিপুর গ্রামের মেয়ে অষ্টমী মালো। জন্মের পর শৈশবে পোলিওতে আক্রান্ত হয়ে তিনি শারীরিক প্রতিবন্ধকতার মুখোমুখি হন। কিন্তু তার জীবনের সবচেয়ে বড় বাধা ছিল শুধু শারীরিক সীমাবদ্ধতা নয়- ছিল সমাজের কুসংস্কার, নারীর প্রতি বৈষম্যমূলক দৃষ্টিভঙ্গি এবং প্রতিবন্ধী মানুষের প্রতি অবজ্ঞা। সেই কঠিন বাস্তবতাকে জয় করেই আজ তিনি উপকূলীয় অঞ্চলে নারী অধিকার, জেন্ডার সমতা এবং সামাজিক নেতৃত্বের এক উজ্জ্বল প্রতীক।

সমাজে প্রচলিত ধারণা ছিল- প্রতিবন্ধী মেয়েদের লেখাপড়ার প্রয়োজন নেই, তাদের ঘরের ভেতরেই সীমাবদ্ধ থাকা উচিত। পরিবার ও প্রতিবেশীদের অনেকেই মনে করতেন, তার ভবিষ্যৎ বলতে কিছু নেই। স্কুলে ভর্তি হওয়ার পরও তাকে সহপাঠীদের কটূক্তি, উপহাস এবং নানা অপমান সহ্য করতে হয়েছে। কিন্তু এসব কিছুই তার ইচ্ছাশক্তিকে দমিয়ে রাখতে পারেনি।

অষ্টমী বিশ্বাস করতেন, শিক্ষা মানুষের জীবন বদলে দিতে পারে। তাই সব বাধা অতিক্রম করে তিনি নিজের শিক্ষাজীবন এগিয়ে নেন। ধীরে ধীরে তিনি বুঝতে পারেন, শুধু নিজের উন্নয়ন নয়- সমাজের নারীদের এগিয়ে নেওয়াও জরুরি। এখান থেকেই শুরু হয় তার নেতৃত্বের যাত্রা। তার এই পথচলায় নতুন শক্তি যোগ করে লিডার্স-এর "সিআরইএ" প্রকল্প। প্রকল্পের আওতায় গঠিত "জেন্ডার সমতা ও জলবায়ু জোট"-এর সঙ্গে যুক্ত হয়ে অষ্টমী মালো উপকূলীয় নারীদের

The Story of an Indomitable Joyeeta

Astami Malo, a woman from Nakipur village under Shyamnagar Upazila in Satkhira district, was struck by polio in her early childhood, leaving her with a physical disability. But the greatest struggles of her life were never limited to her body. They came from society itself-through stigma, gender discrimination, and the disregard often shown toward persons with disabilities. Rising above these painful realities, Astami has emerged as a powerful symbol of women's rights, gender equality, and community leadership in Bangladesh's coastal region.

In the society around her, it was widely believed that girls with disabilities did not need education and should remain hidden inside their homes. Many relatives and neighbors assumed she had no future to dream of. Even after entering school, she faced ridicule, insults, and humiliation from classmates. Yet every harsh word only strengthened her resolve. What others saw as weakness, she transformed into determination.

Astami believed deeply that education could change a life. With courage, patience, and relentless perseverance, she continued her studies despite every obstacle placed in her path. As she grew stronger, she realized that her journey was not only about changing her own life-it was about helping other women rise as well. That realization became the first step in her journey as a leader.

A turning point came when she became involved with the CREA

অধিকার, সম-অংশগ্রহণ এবং জলবায়ু ঝুঁকিতে নারীদের সুরক্ষা নিয়ে কাজ শুরু করেন। বর্তমানে তিনি এই জোটের সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।

এই প্ল্যাটফর্ম তাকে শুধু নেতৃত্বের সুযোগই দেয়নি, দিয়েছে কণ্ঠস্বর। তিনি স্থানীয় ও জাতীয় পর্যায়ে সভা, সংলাপ, সচেতনতামূলক কার্যক্রম এবং নারী অধিকার বিষয়ক আলোচনায় সক্রিয়ভাবে অংশ নিতে শুরু করেন। জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতিগ্রস্ত উপকূলীয় নারীদের সমস্যা, জীবিকা সংকট, নিরাপত্তাহীনতা এবং সিদ্ধান্ত গ্রহণে নারীদের অংশগ্রহণের গুরুত্ব তিনি তুলে ধরতে থাকেন।

অষ্টমী মালো বিশ্বাস করেন, নারী ও পুরুষের সমান সুযোগ ছাড়া টেকসই উন্নয়ন সম্ভব নয়। তিনি বলেন, নারীরা যদি শিক্ষা, প্রশিক্ষণ এবং আয়মুখী সুযোগ পায়, তবে তারা শুধু পরিবার নয়, পুরো সমাজের উন্নয়নে ভূমিকা রাখতে পারে। এই বিশ্বাস থেকেই প্রতিবন্ধী নারীদেও উন্নয়নে তিনি প্রতিষ্ঠা করেন "জয়িতা প্রতিবন্ধী নারী উন্নয়ন সংস্থা"। যা প্রতিবন্ধী নারীদের প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়ন এবং কর্মসংস্থানের সুযোগ তৈরিতে কাজ করছেন।

অষ্টমী প্রমাণ করেছেন- প্রতিবন্ধকতা কোনো অক্ষমতা নয়; অক্ষমতা হলো সমাজের সংকীর্ণ মানসিকতা। সঠিক সুযোগ, আত্মত্মবিশ্বাস এবং নেতৃত্বের ক্ষেত্র তৈরি হলে

Project, implemented by LEDARS. Through the project, she joined the Gender Equality and Climate Coalition (GECA), where she began advocating for women's rights, equal participation, and the protection of women facing climate risks in vulnerable coastal communities. Today, she proudly serves as the Vice-President of the coalition.

This platform gave Astami more than opportunities- it gave her a voice that others could hear. She became actively engaged in meetings, dialogues, awareness campaigns, and discussions on women's rights at local and national levels. She spoke boldly about the hardships faced by coastal women affected by climate change: insecure livelihoods, safety risks, exclusion from decisions, and the silent burdens they carry every day.

Astami believes that no society can truly progress while half of its people are left behind. She often says that when women receive education, training, and opportunities to earn, they uplift not only themselves but their families and entire communities. Guided by this vision, she established the Joyeeta Protibondhi Nari Unnayan Sangstha, an organization dedicated to providing training, skill development, and livelihood opportunities for women with disabilities.

Her life sends a powerful message: disability is not inability. The true barrier is not in the body, but in the narrow mindset of society. With the right support, confidence, and space to lead, even a physically disabled woman can become a driving force for change.

In recognition of her extraordinary contributions, Astami Malo has received several honors. She won the Joyeeta Award at the

একজন শারীরিকভাবে প্রতিবন্ধী নারীও সমাজ পরিবর্তনের অগ্রদূত হতে পারেন।

অষ্টমী মালোর অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ তিনি বিভিন্ন পুরস্কারে ভূষিত হয়েছেন। ২০১৩ সালে শ্যামনগর উপজেলা পর্যায়ে, ২০১৮ সালে সাতক্ষীরা জেলা পর্যায়ে এবং ২০১৮-২০১৯ সালে খুলনা বিভাগীয় পর্যায়ে "জয়িতা পুরষ্কার" লাভ করেন।

আজ অষ্টমী মালো শুধু একজন ব্যক্তি নন, তিনি একটি বার্তা- যে বার্তা বলে, শারীরিক সীমাবদ্ধতা নয়, মানসিক শক্তিই মানুষকে এগিয়ে নেয়। লিডার্স-এর "সিআরইএ" প্রকল্পের "জেন্ডার সমতা ও জলবায়ু জোট" তার মতো নারীদের সামনে আসার সুযোগ তৈরি করেছে, নেতৃত্বের জায়গা দিয়েছে এবং প্রান্তিক নারীদের কণ্ঠকে শক্তিশালী করেছে। আজ তিনি উপকূলীয় নারীদের সাহস, মর্যাদা ও সম্ভাবনার এক জীবন্ত প্রতীক।

Shyamnagar Upazila level in 2013, at the Satkhira district level in 2018, and at the Khulna divisional level during 2018-2019.

Today, Astami Malo is more than a person- she is a beacon of hope. She reminds us that physical limitations do not define human potential; inner strength, courage, and purpose do.

Through the Gender Equality and Climate Coalition (GECA) under the CREA Project of LEDARS, women like Astami have found the chance to step forward, lead with dignity, and raise the voices of those long unheard.

She now stands as a living symbol of resilience, dignity, and endless possibility for coastal women- and for anyone who has ever been told they cannot rise.

দীপিকার স্বস্তি

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম উপকূলীয় অঞ্চল-বিশেষ করে সাতক্ষীরার শ্যামনগর-জলবায়ু পরিবর্তনের কারণে প্রতিনিয়ত নতুন সংকটের মুখোমুখি। লবণাক্ততা, ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের প্রভাবে নিরাপদ পানীয় জল এখানে এক দুষ্প্রাপ্য সম্পদ। এই সংকটের সবচেয়ে বড় প্রভাব পড়ে নারী, শিশু এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনে।

শ্যামনগরের আড়পাঙ্গাশিয়া গ্রামের বাসিন্দা দীপিকা একজন বুদ্ধিপ্রতিবন্ধী নারী। তার স্বামীও একই ধরনের প্রতিবন্ধিতার মধ্যে রয়েছেন। এমন একটি পরিবারে প্রতিদিনের জীবনযাপনই যেখানে চ্যালেঞ্জ, সেখানে নিরাপদ পানির সংকট তাদের জন্য হয়ে উঠেছিল আরও কঠিন ও ঝুঁকিপূর্ণ। প্রতিদিন প্রায় তিন কিলোমিটার পথ হেঁটে দীপিকাকে পানি সংগ্রহ করতে হতো। এই দীর্ঘ ও কষ্টকর যাত্রা তার জন্য শুধু শারীরিকভাবে কঠিনই ছিল না, বরং ছিল অত্যন্ত ঝুঁকিপূর্ণ। তার অনুপস্থিতিতে ছোট সন্তানদের নিরাপত্তা নিয়ে সবসময় দুশ্চিন্তায় থাকতে হতো। কখনো তাদের একা রেখে যেতে হতো, কখনো প্রতিবেশীর ওপর নির্ভর করতে হতো- যা তার মনে শঙ্কা সৃষ্টি করতো।

Dipika's Peace of Mind

The south-western coastal region of Bangladesh- particularly Shyamnagar in Satkhira district-continues to face growing challenges due to climate change. Salinity intrusion, cyclones, and tidal surges have made safe drinking water an increasingly scarce resource. Among those most severely affected are women, children, and persons with disabilities.

Dipika, a woman with an intellectual disability from Arpangashia village in Shyamnagar, lives in a household where both she and her husband face similar disabilities. In a family where daily life itself is already full of challenges, the crisis of safe water had become an even greater burden.

Every day, Dipika had to walk nearly three kilometers to collect water. This long and exhausting journey was not only physically difficult, but also highly risky for her. During her absence, she constantly worried about the safety of her young children. Sometimes she had to leave them alone, and at other times rely on neighbors to watch over them- causing her deep anxiety and fear.

The water she collected was often saline and contaminated. As a result, family members frequently fell ill. Her life became trapped between physical hardship on one side and emotional stress on the other.

অন্যদিকে, যে পানি তিনি সংগ্রহ করতেন তা ছিল লবণাক্ত ও দূষিত। এই পানি ব্যবহারের ফলে পরিবারের সদস্যরা প্রায়ই অসুস্থ হয়ে পড়তেন। ফলে দীপিকার জীবনে একদিকে ছিল শারীরিক কষ্ট, অন্যদিকে ছিল মানসিক চাপ ও অস্থিরতা। এই কঠিন বাস্তবতায় আশার আলো হয়ে আসে লিডার্স। লিডার্সের কমিউনিটি ভিত্তিক নারী দলের সুপারিশে লিডার্স- মানুষের জন্য ফাউন্ডেশন-এর সহযোগিতায় দীপিকার পরিবারের জন্য স্থাপন করে একটি ১,৫০০ লিটার ধারণক্ষমতার রেইনওয়াটার হার্ভেস্টিং ট্যাংক। এই উদ্যোগ শুধু পানি সরবরাহ নিশ্চিত করেনি, এটি একটি পরিবারকে দিয়েছে নিরাপত্তা ও স্বস্তির নতুন জীবন।

এখন দীপিকার ঘরেই রয়েছে নিরাপদ পানির উৎস। তাকে আর দীর্ঘ পথ পাড়ি দিতে হয় না। সবচেয়ে বড় পরিবর্তন এসেছে তার মানসিক অবস্থার। এখন তিনি তার সন্তানদের পাশে থাকতে পারেন, তাদের নিরাপত্তা নিশ্চিত করতে পারেন। তার মন থেকে দূর হয়েছে প্রতিদিনের সেই দুশ্চিন্তা ও ভয়। তার পরিবারে পানিবাহিত রোগ কমেছে, শিশুরা সুস্থ আছে, এবং তাদের যত্ন নেওয়ার জন্য দীপিকারসময় ও শক্তি দুটোই বেড়েছে।

দীপিকা অনুভূতির সঙ্গে বলেন, "আগে জল আনতে গেলে আমার সন্তানদের নিয়ে সবসময় ভয় লাগতো। এখন আমি তাদের পাশে থাকতে পারি, তারা নিরাপদ আছে- এটাই আমার সবচেয়ে বড় শান্তি।"

এই পরিবর্তন শুধু একটি ট্যাংকের মাধ্যমে পানি পাওয়ার গল্প নয়- এটি একটি প্রতিবন্ধী নারীর জীবনে নিরাপত্তা, আত্মবিশ্বাস এবং মানসিক প্রশান্তি ফিরে পাওয়ার গল্প। দীপিকার গল্প সেই বাস্তব পরিবর্তনের এক শক্তিশালী উদাহরণ- যেখানে একটি সঠিক উদ্যোগ শুধু পানি সরবরাহই নিশ্চিত করে না, বরং একটি পরিবারের নিরাপত্তা, মানসিক স্বস্তি এবং মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করে।

In this difficult reality, hope arrived through LEDARS. Based on the recommendation of a community women's group- LEDARS with the support of the Manusher Jonno Foundation installed a 1,500-liter rainwater harvesting tank for Dipika's family. This initiative did more than provide water- it brought security, dignity, and relief into their lives.

Today, safe water is available right at Dipika's home. She no longer has to walk long distances in search of water. But the greatest transformation has taken place within her mind and heart. She can now stay close to her children, care for them, and ensure their safety. The constant fear and worry that once over-shadowed her days have faded away.

Waterborne illnesses in the family have decreased. Her children are healthier, and Dipika now has more time and energy to care for them and manage her household.

With emotion, Dipika says, "Before, whenever I went to fetch water, I was always afraid for my children. Now I can stay beside them, and they are safe- that is my greatest peace."

This change is not simply the story of receiving a water tank. It is the story of a woman with disabilities regaining security, confidence, and peace of mind. Dipika's journey stands as a powerful example of how the right intervention can do far more than provide water- it can restore safety, mental well-being, and a life of dignity for an entire family.

রেহানার রূপান্তর

পরিবারের সদস্যদের দেওয়া বঞ্চণা আর নীরব সংগ্রামের প্রতিচ্ছবি ছিল গাবুরা, চকবারার রেহেনা পারভীনের জীবন। স্বামী, তিন ছেলে এবং শাশুড়িকে নিয়ে তার সংসার চললেও অভাব-অনটন, পারিবারিক অশান্তি এবং অবমূল্যায়ন ছিল প্রতিদিনের বাস্তবতা। সংসারের অধিকাংশ দায়িত্ব পালন করলেও পরিবারের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে তার কোনো মতামত নেওয়া হতো না। ঘরের ভেতরে তার শ্রম ছিল অপরিহার্য, কিন্তু সেই শ্রমের স্বীকৃতি ছিল না।

তার জীবনে পরিবর্তনের নতুন সম্ভাবনা নিয়ে আসে লিডার্স-এর বাস্তবায়নাধীন কমিউনিটি-ভিত্তিক সহনশীলতা, নারীর ক্ষমতায়ন ও কর্মসূচি (সিআরইএ) প্রকল্প। রেহেনা লিডার্স-এর "দোলনচাপা" নারী দলের সদস্য হিসেবে যুক্ত হন। নিয়মিত সভা, প্রশিক্ষণ ও আলোচনায় অংশ নিয়ে তিনি পারিবারিক নির্যাতন, বাল্যবিবাহ প্রতিরোধ, মানবাধিকার, নারীর প্রতি সহিংসতা এবং ঘরের কাজে নারীর অদৃশ্য শ্রমের মূল্য সম্পর্কে জানতে পারেন। ধীরে ধীরে তার ভেতরে জন্ম নেয় আত্মবিশ্বাস ও নিজের অধিকার সম্পর্কে সচেতনতা।

Rehana's Transformation

Rehena Parvin of Chokbara village in Gabura Union once lived a life marked by neglect, hardship, and silent struggle. Although she managed a household with her husband, three sons, and mother-in-law, poverty, family conflict, and lack of recognition were part of her daily reality. She carried most of the responsibilities at home, yet her opinions were never considered in important family decisions. Her labor was essential, but it remained unseen and unvalued
.

A turning point came through the CREA Project implemented by LEDARS. Rehena joined the "Dolonchapa" women's group, where she began attending regular meetings, training sessions, and discussions. There, she learned about domestic violence prevention, child marriage prevention, human rights, gender-based violence, and the hidden value of women's unpaid household work. Slowly, confidence grew within her, along with a new awareness of her own rights and potential.

At first, when Rehena shared these ideas with her husband, Bayezid Bostami, he became irritated. These concepts were unfamiliar and uncomfortable in a society shaped by traditional gender roles. But Rehena did not give up. With patience and wisdom, she continued talking with her husband and mother-in-law, explaining that a family is not the responsibility of women alone-it is a shared responsibility.

One day, during a women's group meeting, members discussed how many tasks women perform from morning until night. Rehena returned home and shared the discussion with her husband. She explained that cooking, raising children, collecting water, cleaning the house, and caring for elders are all forms of labor, yet they are rarely recognized as work. Her words deeply

প্রথমদিকে রেহেনা যখন সভায় শেখা বিষয়গুলো স্বামী বায়েজিদ বোস্তামির সঙ্গে আলোচনা করতেন, তখন তিনি বিরক্ত হতেন। প্রচলিত সামাজিক মানসিকতায় এসব বিষয় তার কাছে নতুন এবং অস্বস্তিকর ছিল। কিন্তু রেহেনা হাল ছাড়েননি। ধৈর্য ধরে তিনি স্বামী ও শাশুড়ির সঙ্গে বারবার আলোচনা চালিয়ে যান এবং বোঝানোর চেষ্টা করেন যে সংসার শুধু একজন নারীর দায়িত্ব নয়, এটি সবার যৌথ দায়িত্ব।

একদিন নারী দলের সভায় নারীরা সকাল থেকে রাত পর্যন্ত কত ধরনের কাজ করেন, তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। রেহেনা বাড়ি ফিরে সেই আলোচনা স্বামীকে জানান। তিনি ব্যাখ্যা করেন, রান্না, সন্তান লালন, পানি আনা, ঘর পরিষ্কার, বৃদ্ধদের দেখভাল- সব মিলিয়ে নারীরা সারাদিন পরিশ্রম করেন, অথচ সেই শ্রমকে কাজ হিসেবেই দেখা হয় না। এই কথা শুনে বায়েজিদ গভীরভাবে ভাবতে শুরু করেন এবং উপলব্ধি করেন যে তিনি এতদিন স্ত্রীর পরিশ্র-মর যথাযথ মূল্যায়ন করেননি।

সেই উপলব্ধি থেকেই পরিবারে পরিবর্তনের সূচনা হয়। বায়েজিদ ছোটখাটো বিষয় নিয়ে রাগ করা কমিয়ে দেন। রেহেনার শাশুড়ি ও ছেলেরাও ঘরের কাজে সহযোগিতা করতে শুরু করে। সংসারে অশান্তির বদলে সহযোগিতা, শ্রদ্ধা এবং আলোচনার পরিবেশ তৈরি হয়। পরিবারে প্রথমবারের মতো রেহেনার মতামত গুরুত্ব পেতে শুরু করে।

পরিবারে সদস্যদের মাঝে কোন সমস্যা সৃষ্টি হলে রেহেনা পরিস্থিতি বিবেচনা করে বিচক্ষণতা ও ধৈর্যের সাথে সমাধানের পথ বের করেন। একসময় যার কথা কেউ শুনত না, আজ সেই রেহেনাই পরিবারের সমস্যার সমাধানকারী।

শুধু নিজের পরিবারেই নয়, রেহেনা এখন প্রতিবেশী নারীদের কাছেও আস্থার প্রতীক হয়ে উঠেছেন। বিবাহিত ননদদের পারিবারিক সমস্যা, প্রতিবেশীদের কলহ কিংবা নারীদের সংকট- এসব ক্ষেত্রে তিনি পরামর্শ দেন এবং সমাধানে সহায়তা করেন। লিডার্সের "সিঅ-রেইএ" প্রকল্পের মাধ্যমে অর্জিত আত্মত্মবিশ্বাস তাকে যেকোন মিটিংয়ে নিয়মিত কথা বলার অভ্যাস এবং নেতৃত্বের জায়গায় নিয়ে এসেছে।

moved Bayezid. For the first time, he realized how much effort his wife had given without appreciation.

That realization became the beginning of transformation.

Bayezid gradually became calmer and more supportive. Rehena's sons and mother-in-law also began helping with household chores. Conflict gave way to cooperation, respect, and open discussion. For the first time, Rehena's voice began to matter in family decisions.

Today, whenever conflicts arise among family members, Rehena is the one they turn to. With patience and sound judgment, she helps resolve disputes peacefully. The woman whose voice was once ignored has now become the peacemaker of the household.

Her influence extends beyond her own home. Rehena has

তার সততা, নেতৃত্বগুণ এবং দায়িত্বশীলতায় সন্তুষ্ট হয়ে "দোলনচাপা" নারী দলের সদস্যরা তাকে আইজিএ ফান্ড ম্যানেজমেন্ট কমিটির সভাপতি নির্বাচিত করেছেন।

এটি শুধু একটি পদবী নয়; এটি প্রমাণ করে যে সুযোগ পেলে প্রান্তিক নারীরাও অর্থনৈতিক নেতৃত্ব দিতে পারে এবং সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম। রেহেনা আর নীরব গৃহিণী নন। তিনি আজ একজন সিদ্ধান্তগ্রহণকারী, মধ্যস্থতাকারী, নেতা এবং অনুপ্রেরণা।

রেহেনা পারভীনের গল্প- নারীর ক্ষমতায়ন মানে শুধু প্রশিক্ষণ দেওয়া নয়; বরং পরিবারে সম্মান, সমাজে কণ্ঠস্বর এবং সিদ্ধান্ত গ্রহণের অধিকার নিশ্চিত করা। "সিআরইএ" প্রকল্প প্রমাণ করেছে, যখন নারীরা জ্ঞান, সংগঠন এবং নেতৃত্বের সুযোগ পায়, তখন তারা শুধু নিজের জীবন নয়, পুরো পরিবার ও সমাজ বদলে দিতে পারে।

become a trusted figure among neighboring women. She offers guidance on family disputes, community tensions, and women's personal challenges. Through the confidence she gained from the CREA Project, she now speaks openly in meetings and has grown into a respected local leader.

Recognizing her honesty, leadership, and commitment, the members of the Dolonchapa women's group elected her as the President of the IGA Fund Management Committee.

This is more than a title- it is proof that when given the chance, marginalized women can lead financially, socially, and with dignity.

Rehena Parvin is no longer a silent housewife. She is now a decision-maker, mediator, leader, and source of inspiration.

Her story reminds us that women's empowerment is not only about training programs. It is about ensuring respect at home, a voice in society, and a rightful place in decision-making. The "CREA" Project has shown that when women receive knowledge, organization, and leadership opportunities, they do not only transform their own lives- they uplift entire families and communities.

তারকের পথে বদলের রথে

শ্যামনগর উপজেলার বুড়িগোয়ালিনী ইউনিয়নের দূরবর্তী উপকূলীয় গ্রাম চুনার-যেখানে জীবন মানেই প্রতিনিয়ত সংগ্রাম। ঘন ঘন জলবায়ুজনিত দুর্যোগ, সীমিত আয়ের সুযোগ এবং গভীরভাবে প্রোথিত সামাজিক রীতিনীতি এখানে মানুষের দৈনন্দিন বাস্তবতা নির্ধারণ করে। এই প্রেক্ষাপটে লিঙ্গভিত্তিক ভূমিকা সাধারণত কঠোর- পুরুষ উপার্জন করে, আর নারী নীরবে গৃহস্থালির সমস্ত দায়িত্ব বহন করে।

এই বাস্তবতার মাঝেই বাস করেন তারক পাইক-একজন দিনমজুর, যার জীবন বাইরে থেকে দেখলে সাধারণই মনে হয়। প্রতিদিন তিনি কঠোর পরিশ্রম করেন, পরিবারের জন্য ন্যূনতম আয় নিশ্চিত করতে। কিন্তু তারককে আলাদা করে তোলে তার পেশা নয়-তার চিন্তাধারা।

CASE STORY-13

Tarak Paik: An Exceptional Man

In the remote coastal village of Chunar, under Burigoalini Union in Shyamnagar Upazila, life is a constant struggle. Frequent climate shocks, limited livelihood opportunities, and deeply rooted social norms shape everyday reality. In this context, gender roles are often rigid men are expected to earn, while women quietly carry the full burden of household responsibilities.

Amid these realities lives Tarak Paik, a day laborer whose life may seem ordinary at first glance. Every day, he works tirelessly to earn just enough to support his family. Yet what sets Tarak apart is not his profession- it is his mindset.

Tarak's wife, Purnima Paik, is a member of the "Tista Women's Group" under LEDARS' CREA project. This group provides a safe and supportive space where women can learn, reflect, and share their experiences regarding rights, responsibilities, and well-being.

During one of the group sessions, Purnima learned a powerful idea: when men share household responsibilities, women's physical burden decreases, mental stress is reduced, and family relationships become stronger.

For many, this idea remains only a discussion point. But for Purnima and Tarak, it became a turning point in their lives.
When Purnima shared this with her husband, Tarak truly listened. He did not dismiss it as "women's talk." Instead, he reflected deeply. He began to question long-held beliefs: Why should household work be only a woman's responsibility? Why can't it be shared?

তারকের স্ত্রী পূর্ণিমা পাইক লিডার্সের "সিআরইএ" প্রকল্পের 'তিস্তা নারী দলের' একজন সদস্য। এই দলটি নারীদের জন্য একটি নিরাপদ পরিসর তৈরি করে, যেখানে তারা নিজেদের অধিকার, দায়িত্ব ও কল্যাণ বিষয়ে শিখতে, ভাবতে এবং মতবিনিময় করতে পারে।

একটি সভায় পূর্ণিমা একটি সহজ কিন্তু শক্তিশালী ধারণা শিখেছিলেন- পুরুষ যদি গৃহস্থালির কাজে অংশ নেয়, তাহলে নারীর শারীরিক কষ্ট কমে, মানসিক চাপ হ্রাস পায় এবং পারিবারিক সম্পর্ক আরও দৃঢ় হয়।

অনেকের কাছে এটি শুধু আলোচনার বিষয় হয়েই থেকে যায়। কিন্তু পূর্ণিমা ও তারকের জন্য এটি হয়ে ওঠে জীবনের একটি মোড় পরিবর্তনের মুহূর্ত।

পূর্ণিমা যখন বিষয়টি তারকের সাথে শেয়ার করেন, তখন তিনি সত্যিই মনোযোগ দিয়ে শুনেছিলেন। তিনি এটিকে 'নারীদের কথা' বলে এড়িয়ে যাননি; বরং ভেবে দেখেছেন। তিনি নিজেকে প্রশ্ন করেছেন- গৃহস্থালির কাজ কেন শুধু নারীর হবে? কেন দায়িত্ব ভাগাভাগি করা যাবে না?

এই ভাবনাই পরিবর্তনের সূচনা করে। দিনভর কঠোর পরিশ্রম শেষে তারক এখন বাড়ি ফিরে স্ত্রীর পাশে দাঁড়ান। তিনি পানি আনেন, রান্নায় সাহায্য করেন, মসলা প্রস্তুত করেন, সবজি কাটেন, ঘর পরিষ্কার করেন- সবকিছুই তারা একসাথে সম্পন্ন করেন।

শুরুর দিকে তার আচরণ নিয়ে গ্রামের মানুষদের মধ্যে নানা প্রতিক্রিয়া দেখা যায়। কেউ ফিসফিস করে কথা বলেছে, কেউ তার পুরুষত্ব নিয়ে প্রশ্ন তুলেছে, আবার কেউ 'নারীদের কাজ' করার জন্য তাকে উপহাস করেছে।

কিন্তু তারক অটল ছিলেন। এই কাজগুলোর মাধ্যমে তারক এমন এক অভিজ্ঞতা অর্জন করেন, যা তার গ্রামের অনেক পুরুষেরই হয়নি।

তিনি আরো বলেন, "আগে আমি বুঝতাম না, গৃহস্থালির কাজে কত পরিশ্রম আর কষ্ট রয়েছে। এখন নিজে কাজ করে বুঝতে পারছি, প্রতিদিন নারীরা কত চাপ বহন করে।"

পূর্ণিমা বলেন, "আমার স্বামীর এই সহযোগিতার কারনে এখন আমি অনেক কম চাপ অনুভব করি, কম ক্লান্ত হই এবং নিজেকে বেশি সম্মানিত মনে করি। এখন আমি একা নই। "দায়িত্ব

This reflection marked the beginning of change. After a long and exhausting day of labor, Tarak now returns home and stands beside his wife. He fetches water, helps with cooking, prepares spices, cuts vegetables, cleans the house- and together, they manage the household as a team.

At first, his actions drew mixed reactions from the community. Some whispered, some questioned his masculinity, and others mocked him for doing what they considered "women's work."

But Tarak remained firm. Through these experiences, he gained a new understanding- one that many men in his community had never realized.

He says, "Before, I never understood how much effort and hardship household work involves. Now that I do these tasks myself, I can truly feel the pressure women carry every day."

ভাগাভাগি হওয়ায় পূর্ণিমার হাতে এখন সময় ও মানসিক শক্তি দুটোই বেশি। তিনি শুধু গৃহস্থালির কাজেই সীমাবদ্ধ নন- তিনি এখন দলীয় কার্যক্রমে অংশ নিতে পারেন, সমাজের সঙ্গে যুক্ত হতে পারেন এবং নিজের সুস্থতার দিকেও মনোযোগ দিতে পারেন।

এই পরিবর্তনের প্রভাব পড়েছে তাদের সন্তানদের ওপরও। তারা এমন এক পরিবেশে বড় হচ্ছে, যেখানে সহযোগিতা, সম্মান এবং সমতা বাস্তবে দেখা যায়। তারা শিখছে- গৃহস্থালির কাজ লিঙ্গভিত্তিক নয়, বরং সবার দায়িত্ব। এই মানসিক পরিবর্তন ভবিষ্যৎ প্রজন্মের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

তারকের এই ছোট ছোট কাজগুলো ধীরে ধীরে সমাজেও প্রভাব ফেলতে শুরু করেছে। মানুষ লক্ষ্য করছে, আলোচনা শুরু হচ্ছে, কিছু পুরুষ নিজেদের ভূমিকা নতুনভাবে ভাবতে শুরু করেছে।

তারক পাইকের গল্প শুধু একজন মানুষের গল্প নয়-এটি একটি উদাহরণ, কীভাবে সচেতনতা, সহানুভূতি এবং কর্মের মাধ্যমে সামাজিক রীতিনীতি পরিবর্তন করা যায়। তিনি প্রমাণ করেছেন, প্রকৃত শক্তি পুরোনো ধারণাকে আঁকড়ে ধরা নয়-বরং ন্যায়, সমতা ও অংশীদারিত্বকে গ্রহণ করা। যেখানে প্রথা অনেক সময় সম্ভাবনাকে সীমাবদ্ধ করে, সেখানে তারক বেছে নিয়েছেন ভিন্ন পথ-সম্মান, দায়িত্ববোধ এবং সহমর্মিতার পথ।

আজ তারক আর শুধু একজন দিনমজুর নন- তিনি একজন পরিবর্তনকামী মানুষ, যিনি প্রতিটি পরিবারের মাধ্যমে আরও সমতাপূর্ণ সমাজ গড়ে তুলছেন।

For Purnima, this change has been deeply meaningful. She Says, "Because of my husband's support, I feel much less stressed and less exhausted. I feel more respected now. I am no longer alone."

With responsibilities shared, Purnima now has more time and emotional energy. She is no longer confined to household work- she actively participates in group activities, engages with the community, and takes better care of her own well-being.

This transformation is also shaping their children. They are growing up in an environment where cooperation, respect, and equality are practiced every day. They are learning that household responsibilities are not defined by gender, but shared by all.

Tarak's small but meaningful actions are gradually influencing the wider community. People are observing, conversations are beginning, and some men are starting to rethink their roles within the household.

Tarak Paik's story is more than just an individual journey- it is a powerful example of how social norms can change through awareness, empathy, and action.

He has shown that true strength lies not in holding onto outdated beliefs, but in embracing fairness, equality, and shared responsibility. In a society where traditions often limit possibilities, Tarak has chosen a different path- one guided by respect, responsibility, and compassion.

Today, Tarak is no longer just a day laborer- he is a change-maker, building a more equal society, one family at a time.

যমুনার জয়যাত্রা

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম উপকূলীয় অঞ্চলের বুড়িগোয়ালিনী গ্রামের যমুনা রানী সরদারের জীবন দশ বছর আগেও ছিল এক অন্ধকার চোরাবালি। দারিদ্য ছিল নিত্যসঙ্গী, কিন্তু তার চেয়েও ভয়ানক ছিল পারিবারিক মর্যাদা ও নিরাপত্তার অভাব। নিজের ভিটেমাটি না থাকায় শ্বশুরের আশ্রয়ে থাকতে হতো তাকে। তুচ্ছ কারণে শ্বশুর-ননদের অপমান এবং তার জেরে স্বামীর শারীরিক ও মানসিক নির্যাতন যমুনার আত্মবিশ্বাসকে চুরমার করে দিয়েছিল।

যমুনা সেই দিনগুলোর কথা মনে করে বলেন, "আমার নিজের কোনো পরিচয় ছিল না। আমি কেবল একজন বোঝা ছিলাম। এমন রাতও গেছে যখন আমি আত্মহত্যার জন্য বিষ হাতে নিয়েছি, কিন্তু কোলের সন্তানের কান্নার আওয়াজ আমাকে জীবন ভিক্ষা দিয়েছে।"

যমুনার এই বিষাদময় জীবনে পরিবর্তনের দূত হিসেবে আসে লিডার্স-এর "সিআরইএ" প্রকল্প। এই প্রকল্প তাকে শিখিয়েছে মর্যাদার সাথে বেঁচে থাকার কৌশল। যমুনা যখন এই প্রকল্পের নারী দলের সদস্য হলেন, তখন তার সামনে নতুন দ্বার উন্মোচিত হয়েছিলো। অধিকার সচেতনতা,

Jamuna's Triumphant Journey: From Despair to Dignity

A decade ago, the life of Jamuna Rani Sarder, a resident of Burigoalini village in the southwest coastal region of Bangladesh, was akin to a dark quicksand. While poverty was her constant companion, the lack of familial dignity and security was even more devastating. Without a home of her own, she lived at the mercy of her in-laws. Constant humiliation from her father-in-law and sister-in-law over trivial matters, coupled with the resulting physical and mental abuse from her husband, had shattered Jamuna's self-confidence.

Reflecting on those harrowing days, Jamuna recalls, "I had no identity of my own. I was merely a burden. There were nights when I held poison in my hand to end it all, but the cries of my infant child begged me to choose life."

The turning point in Jamuna's melancholic life came with the arrival of the "CREA" project by the organization, LEADERS. This project became the messenger of change, teaching her the strategies to live with dignity. Joining the project's women's group opened new doors for her. She gained a profound understanding

বাল্যবিবাহ ও পারিবারিক সহিংসতার বিরুদ্ধে আইনি সুরক্ষা সম্পর্কে ধারণা অর্জন করে সে।

গৃহস্থালি কাজের অদৃশ্য অর্থনৈতিক মূল্য যমুনা প্রথমবার উপলব্ধি কওে, যা তাকে মানসিক শক্তি জোগায়। জড়তা কাটিয়ে জনসম্মুখে কথা বলার সাহস জোগায়। যমুনার গল্পের সবচেয়ে শক্তিশালী দিক হলো তার স্বামীর পরিবর্তন। "সিআরইএ" প্রকল্পের সেশনগুলোতে যমুনার সাথে তার স্বামীও মাঝে মাঝে অংশ নিতেন।
সচেতনতামূলক আলোচনা শুনে তিনি বুঝতে পারেন, স্ত্রীকে নির্যাতন করা কেবল অপরাধই নয়, বরং সুখী পরিবারের অন্তরায়।

যমুনার স্বামী আজ আর নির্যাতনকারী নন, বরং ঘরের কাজে যমুনার প্রধান সহযোগী। এই মানসিক পরিবর্তন তাদের অর্থনৈতিক ভাগ্য বদলে দেয়। তারা দুজনে মিলে কঠোর পরিশ্রম করে এক টুকরো জমি কিনেছেন এবং গড়ে তুলেছেন একটি সাজানো সুন্দর ঘর। অপমান ও অবহেলার সেই যৌথ বসতবাড়ি ছেড়ে আজ তারা নিজেদের মালিকানাধীন বাড়িতে মর্যাদার সাথে বসবাস করছেন।

of her rights, legal protection against child marriage, and safeguards against domestic violence.

For the first time, Jamuna realized the invisible economic value of her household labor- an epiphany that provided her with immense mental strength. She shed her inhibitions and found the courage to speak confidently in public.

The most powerful aspect of Jamuna's story is the transformation of her husband. He began attending sessions of the "CREA" project alongside Jamuna. Through these awareness-building discussions, he realized that abusing his wife was not only a crime but a fundamental barrier to a happy family life.

Today, Jamuna's husband is no longer an oppressor; instead, he is her primary partner in household responsibilities. This shift in mindset paved the way for their economic prosperity. Through their combined hard work, they purchased a piece of land and built a beautiful, organized home. Leaving behind the shared household of neglect and insult, they now live with dignity in a house they call their own.

Jamuna Rani is no longer just a homemaker; she is a beacon of hope for all the women in her region. Her influence has expanded significantly. Whenever an incident of child marriage or violence against women occurs in the village, Jamuna is the first to stand in resistance. She now represents the struggles of coastal people before national and international stakeholders. Whether as a member or a guest speaker, she shares her story of courage at various meetings organized by the Union Parishad and Upazila administration.

Jamuna Rani's extraordinary sacrifice, patience, and success

যমুনা রানী আজ কেবল তার নিজের ঘর সামলান না, তিনি পুরো এলাকার নারীদের আলোকবর্তিকা। তার কার্যক্রমের পরিধি এখন অনেক বিস্তৃত। গ্রামে বাল্যবিবাহ বা নারী নির্যাতনের ঘটনা ঘটলে যমুনা সেখানে প্রথম প্রতিরোধ গড়ে তোলেন। উপকূলীয় এলাকার মানুষের জীবনসংগ্রামের কথা তিনি আজ জাতীয় ও আন্তর্জাতিক অংশীজনের কাছে তুলে ধরেন। যমুনা রানী এখন ইউনিয়ন পরিষদ ও উপজেলা প্রশাসনের বিভিন্ন আলোচনা সভায় সদস্য অথবা অতিথি বক্তা হিসেবে উপস্থিত থেকে সাহসের গল্প শোনান। যমুনা রানীর এই অসামান্য ত্যাগ, ধৈর্য এবং সফলতাকে রাষ্ট্রীয়ভাবে স্বীকৃতি দেওয়া হয়েছে। সমাজ উন্নয়নে বিশেষ অবদানের জন্য তিনি শ্যামনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় থেকে মর্যাদাপূর্ণ "জয়িতা" পুরস্কারে ভূষিত হয়েছেন। এটি প্রমাণ করে যে, একজন প্রান্তিক নারী যদি সুযোগ পান, তবে তিনি সমাজের মূলধারার নেতৃত্বে আসতে পারেন।

যমুনা রানী সরদার আজ আর অবহেলিত গৃহবধূ নন, তিনি একজন সিদ্ধান্ত গ্রহণকারী। তার জীবন প্রমাণ করে যে, সঠিক কারিগরি ও মানসিক সহায়তা পেলে একজন নারী তার ভাগ্যের রেখা নিজেই পরিবর্তন করতে পারেন। যমুনার কণ্ঠ আজ কান্না হয়ে বুড়িগোয়ালিনীর নোনা বাতাসে প্রতিধ্বনিত হয়না, প্রতিধ্বনিত হয় হার না মানা বলিষ্ঠ কণ্ঠস্বর হয়ে।

have received state recognition. She was honored with the prestigious "Joyaeta" award by the ShyamnagarUpazila Women's Affairs Office for her special contribution to social development. This achievement proves that if a marginalized woman is given the opportunity, she can rise to lead the mainstream of society.

Jamuna Rani Sarder is no longer a neglected housewife; she is a decision-maker. Her life stands as a testament to the fact that with the right technical and psychological support, a woman can rewrite her own destiny. Today, Jamuna's voice no longer dissolves into tears in the salty air of Burigoalini; instead, it resonates as a powerful, indomitable force of change.

জেসমিন আরা: বিপত্তিতে বীরঙ্গনা

CASE STORY-15

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম উপকূলীয় অঞ্চল আজ বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবে প্রভাবিত এক অন্যতম ঝুঁকিপূর্ণ স্থান। যেখানে প্রতিদিনের সূর্য ওঠে ঘূর্ণিঝড়ের আতঙ্ক আর ফসলি জমিতে লবণাক্ত পানির আগ্রাসন নিয়ে। এই প্রতিকূল ভূখণ্ডে দারিদ্র্যের শিকল ভেঙে কীভাবে একটি ক্ষুদ্র উদ্যোগ একটি পরিবারের ভাগ্য বদলে দিতে পারে, তার এক জীবন্ত উদাহরণ জেসমিন আরা।

সাতক্ষীরার চকবারা গ্রামের বাসিন্দা জেসমিন আরার জীবন ছিল সংকটে ঘেরা। চার সদস্যের পরিবারে স্বামীই ছিলেন একমাত্র উপার্জনকারী। অভাবের তাড়নায় সন্তানের পড়াশোনা বন্ধ হওয়ার উপক্রম হয়েছিল, আর দুর্যোগের সময় ধার দেনা ছাড়া বেঁচে থাকার কোনো উপায় ছিল না। সংসারের বড় সিদ্ধান্তগুলোতে তার মতামতের কোনো গুরুত্ব ছিল না।

জেসমিন আরা বলেন, "বাঁচে (বেঁচে) থাকাটা ছেলো আমাগো জন্যি এক যুদ্ধ। অভাবের কারণে মনে হুতো আমি একটা বোঝা।"

Jesmin Ara: Braveheart in Adversity

The southwestern coastal region of Bangladesh is now one of the most vulnerable areas affected by the adverse impacts of global climate change. Each day begins with the fear of cyclones and the intrusion of saline water into agricultural lands. In this challenging landscape, Jesmin Ara stands as a living example of how a small initiative can transform the fate of an entire family by breaking the chains of poverty.

Jesmin Ara, a resident of Chakbara village in Satkhira, once lived a life surrounded by hardship. In her four-member family, her husband was the sole breadwinner. Due to financial constraints, her children's education was on the verge of being discontinued and during times of disaster, survival without borrowing money was nearly impossible. Moreover, her opinions held little value in major household decisions.

Jesmin Ara recalls, "Surviving itself was a constant struggle for us. Because of poverty, I often felt like a burden."

A turning point in her life came when she became involved with the Community-based Resilience, Women's Empowerment and Action (CREA) project implemented by LEDARS. The project aimed not just to provide financial aid but to build people's capacity. Through this initiative, Jesmin received technical training on climate-resilient agriculture, goat rearing, improved breed selection, vaccination, and health management. After completing the training, she took a small loan as financial support and began her journey by purchasing two goats. At the same time, she started cultivating vegetables using adaptive methods to meet her family's nutritional needs.

জেসমিনের জীবনের মোড় ঘুরে যায় যখন তিনি লিডার্স-এর বাস্তবায়নাধীন কমিউনিটি-ভিত্তিক সহনশীলতা, নারীর ক্ষমতায়ন ও কর্মসূচি (সিআরইএ) প্রকল্পের সংস্পর্শে আসেন। কেবল আর্থিক দান নয়, বরং প্রকল্পটির মূল লক্ষ্য ছিল মানুষকে দক্ষ করে তোলা। জেসমিন আরা এখান থেকে কারিগরি জ্ঞান হিসেবে গ্রহণ করেন জলবায়ু সহনশীল কৃষি, ছাগল পালন, উন্নত জাত নির্বাচন, টিকাদান ও স্বাস্থ্য ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ। প্রশিক্ষণ শেষে আর্থিক সহায়তা হিসেবে গৃহীত ঋণের মাধ্যমে দুটি ছাগল কিনে তার স্বপ্নযাত্রা শুরু করেন। পাশাপাশি পরিবারের পুষ্টি চাহিদা পূরণের লক্ষ্যে অভিযোজন পদ্ধতিতে সবজী চাষ করতে থাকেন।

জেসমিনের কঠোর পরিশ্রম আর সঠিক পরিচর্যায় বর্তমানে তার খামারে ছাগলের সংখ্যা দাঁড়িয়েছে ১০-১২টি। এটি কেবল একটি সংখ্যা নয়, এটি তার পরিবারের নিরাপত্তার দেয়াল। এখন প্রতি মাসে তার গড় আয় ২,০০০ থেকে ৩,০০০ টাকা। অর্থাভাবে আটকে যাওয়া সন্তানের পড়াশোনা এখন নিয়মিত চালাচ্ছে সে। তাছাড়া ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে আপদকালীন তহবিল তৈরি হয়েছে। পরিবারের সদস্যদের চাহিদা মেটানোর পর অতিরিক্ত সবজী সে বিক্রি করে উপার্জন করে জেসমিন আরা।

জেসমিন আরার এই পরিবর্তন কেবল অর্থনৈতিক নয় বরং সামাজিক। আজ তিনি পরিবারের একজন সহ-উপার্জনকারী এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণকারী। প্রতিবেশীদের কাছে তিনি এখন অনুপ্রেরণার নাম।

উপকূলীয় এলাকায় যেখানে কৃষিকাজ চরম ঝুঁকির মুখে, সেখানে জেসমিনের এই পশুপালন উদ্যোগ একটি কার্যকর জলবায়ু অভিযোজন কৌশল হিসেবে প্রমাণিত হয়েছে। ঘূর্ণিঝড় বা জলোচ্ছ্বাসের পর দ্রুত ঘুরে দাঁড়ানোর ক্ষমতা এখন তার আছে।

জেসমিন আজ গর্বের সাথে বলেন, "নিজের আয় আমাকে যে আত্মবিশ্বাস দিয়েছে, তা অমূল্য। এখন আমি আর অসহায় নই, আমি আমার সংসারের কাণ্ডারি।" জেসমিন আরার এই গল্প বিশ্বজুড়ে জলবায়ু যোদ্ধাদের জন্য এক উজ্জ্বল আলোকবর্তিকা।

Through her hard work and proper care, Jesmin now owns 10–12 goats. This is not just a number—it represents a protective shield for

her family. She currently earns an average monthly income of 2,000 to 3,000 BDT. Her children, whose education was once at risk, are now able to continue their studies regularly. In addition, she has built a small emergency fund through savings. After meeting her family's needs, she also earns by selling surplus vegetables.

Jesmin Ara's transformation is not only economic but also social. Today, she is a co-earner in her family and plays an important role in decision-making. She has become a source of inspiration for her neighbors.

In coastal areas where agriculture faces extreme risks, Jesmin's livestock initiative has proven to be an effective climate adaptation strategy. She now has the capacity to recover quickly after cyclones or tidal surges.

Jesmin proudly says, "The confidence I have gained from my own income is invaluable. I am no longer helpless—I am now the pillar of my family."

Jesmin Ara's story shines as a beacon of hope for climate warriors around the world.

প্রথা ভাঙার পথিকৃৎ হাবিবুল্লাহ গাজী

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সবচেয়ে দূর্যোগ-কবলিত উপজেলা শ্যামনগরের গাবুরা ইউনিয়নের চকবারা গ্রামে হাবিবুল্লাহ গাজীর জন্ম। প্রাকৃতিক দূর্যোগ-কবলিত অঞ্চলটিতে অর্থ ও শিক্ষার অভাবে কুসংস্কার, পুরুষশাষিত সমাজব্যবস্থা ছেয়ে ধরেছে রন্ধ্রে রন্ধ্রে। পুরুষরাই যেখানের নিয়ন্ত্রক, আর মেয়েরা ঘরের কাজ, বাচ্চা উৎপাদন ও লালন-পালন করার মানবযন্ত্র মাত্র। অনটনে বেড়ে ওঠা হাবিবুল্লাহ গাজী নিজের পরিবারকে একটু ভালো রাখতে দিনমজুরীর পাশাপাশি গরু, ছাগল, হাঁস-মুরগি এবং একটি ছোট পুকুরে মাছ চাষ করে জীবিকা নির্বাহের প্রানান্তর চেষ্টা তার। পুরুষ শাষিত অসম সমাজে নারী-পুরুষের ব্যবধান নিয়ে ভাবনা তাকে ভাবাতো। তবে তার জীবনকে সত্যিকারে বদলে দিয়েছে চিন্তার পরিবর্তন, যা এসেছে তার স্ত্রীর মাধ্যমে আর সহায়ক শক্তি হিসেবে কাজ করেছে লিডার্স-এর "সিআরইএ" প্রকল্প।

Habibullah Gazi: The Tradition Breaker

Habibullah Gazi was born in Chokbara village under Gabura Union in Shyamnagar- one of the most disaster-prone sub-districts in the southwestern region of Bangladesh. In this region, constantly battered by natural calamities, poverty and a lack of education have allowed superstitions and a rigid patriarchal social system to seep into every layer of life. In this environment, men are the sole controllers, while women are treated merely as "human machines" for household chores, childbirth, and upbringing. Growing up amidst scarcity, Habibullah made desperate efforts to sustain his family by working as a day laborer while also rearing cattle, poultry, and farming fish in a small pond. However, the deep-seated disparity between men and women in this unequal society often troubled his thoughts. His life truly began to transform through a shift in perspective brought about by his wife, supported by the "CREA" project of the organization, LEDARS.

হাবিবুল্লাহ গাজীর স্ত্রী এই প্রকল্পের নারী দলের সদস্য হিসেবে নিয়মিত মিটিংয়ে অংশ নিতেন। সেখানে নারীদের অধিকার, স্বস্তি ও সম্মানজনক জীবনের বিষয়ে সচেতনতামূলক আলোচনা হতো। স্ত্রীর কথায় তিনি প্রথমবারের মতো উপলব্ধি করেন, ঘরের কাজ শুধু নারীর দায়িত্ব নয় পুরুষেরও সমান অংশগ্রহণ থাকা উচিত। হাবিবুল্লাহ গাজী নিজ আগ্রহে লিডার্সের কর্মীর নিকট থেকে শুনতে থাকে বৈষম্যহীন সমাজের গল্প ও তার উপকারিতা।

সামাজিক দৃষ্টিভঙ্গির কারণে প্রথমদিকে ঘরের কাজ করতে গিয়ে তিনি সংকোচবোধ করতো সে। পুরুষ হয়ে ঘরের কাজে স্ত্রীকে সহায়তা করতে গিয়ে, ১-২ কিলোমিটার দূর হতে পানি আনতে গিয়ে সামাজিক কটাক্ষের শিকার হয়েছে হাবিবুল্লাহ গাজী। কিন্তু সে থামেনি। ধীরে ধীরে সকলের সামনে নিজের অবস্থান ব্যাখ্যা করতে শুরু করেন, বোঝাতে থাকেন এটা লজ্জার নয়, বরং এটি একটি দায়িত্বশীল কাজ।

তার এই ইতিবাচক দৃষ্টিভঙ্গি শুধুমাত্র নিজের পরিবারকেই বদলে দেয়নি, আশপাশের পুরুষদের মধ্যেও ছড়িয়ে পড়ে সচেতনতা। এখন গ্রামটির আরও অনেক পুরুষ

As a member of the"CREA"project's women's group, Habibullah's wife regularly attended meetings where discussions focused on women's rights, well-being, and the pursuit of a dignified life. Through his wife's words, he realized for the first time that household chores are not the sole responsibility of women; rather, men should have an equal share in them. Driven by his own interest, Habibullah began learning from the LEDARS staff about the vision of a discrimination-free society and its profound benefits.

Initially, due to prevailing social attitudes, he felt a sense of hesitation when performing household tasks. For stepping up to help his wife and fetching water from one or two kilometers away, Habibullah was met with social ridicule and taunts. Yet, he did not stop.

Gradually, he began to explain his stance to everyone, helping them understand that this is not a matter of shame, but rather a deeply responsible act.

His positive outlook did not just transform his own family; it sparked awareness among the neighboring men as well. Now, several other men in the village, such as Abdullah, Faruk, and Majid, are coming forward to assist in domestic chores. They,

too, are beginning to value household work and are standing by their wives.

The most promising sign is that Habibullah Gazi's school-going son is following in his father's footsteps and assisting his mother with household tasks today. This serves as a clear indication of a generational shift in mindset.

যেমন আব্দুল্লাহ, ফারুক, মজিদ এগিয়ে আসছেন পারিবারিক কাজে সহযোগিতা করতে। তারাও ঘরের কাজকে গুরুত্ব দিচ্ছেন, স্ত্রীর পাশে দাঁড়াচ্ছে।

সবচেয়ে আশার কথা হলো, হাবিবুল্লাহ গাজীর স্কুলপড়ুয়া ছেলে বাবার পথ অনুসরণ করে আজ ঘরের কাজে মাকে সাহায্য করে। এটি একটি প্রজন্মান্তর পরিবর্তনের ইঙ্গিত।

হাবিবুল্লাহ গাজী বলেন, "পুরুষরা যদি ঘরের কাজে অংশ নেয়, তাহলে নারীদের কষ্ট কমে, বিশ্রামের সুযোগ বাড়ে, আর পরিবারে আসে সুখ-শান্তি। এই চেতনা প্রতিটি পরিবারের মধ্যে ছড়িয়ে পড়া উচিত।"

এই গল্প কেবল একজন পুরুষের দৃষ্টিভঙ্গি বদলের গল্প নয় এটি একটি সচেতন, সম-অধিকারভিত্তিক সমাজ গঠনের পথচলা। হাবিবুল্লাহ গাজীর মত একজন গ্রামের সাধারণ মানুষও হতে পারে অসাধারণ পরিবর্তনের নেতা। লিডার্স-এর "সিআরইএ" প্রকল্প এই পরিবর্তনের সঙ্গী হয়ে সমাজে গড়ে তুলতে চায় একটি সহনশীল ও সহযোগিতাপূর্ণ পরিবেশ, যেখানে নারী-পুরুষ কাঁধে কাঁধ মিলিয়ে এগিয়ে যাবে সমৃদ্ধ, সুখী ও সমতাভিত্তিক সমাজ বিনির্মানে।

Habibullah Gazi remarks, "If men participate in household work, the hardship of women decreases, their opportunities for rest increase, and peace and happiness flourish within the family. This consciousness should spread to every household."

This story is not just about one man's change in perspective; it is a journey toward building an aware, rights-based society. An ordinary villager like Habibul-lahGazi can indeed become a leader of extraordinary change. Through the "CREA" project, LEDARS aims to be a companion in this transformation, fostering a tolerant and collaborative environment where men and women move forward side-by-side to build a prosperous, happy, and equitable society.

নারী ও কিশোরী দলের নেত্রীবৃন্দের ২দিন ব্যাপী
রূপান্তরকারী নেতৃত্ব বিষয়ক প্রশিক্ষণ
Training on Transformative Leadership for Women & Girls

CLIMATE STRIKE
GLOBAL CLIMATE
ACTION
DAY-2025

নারী নির্যাতন বন্ধের দাবিতে
গণজমায়েত

Sverige
বন্ধ হোক
শিশুর অধিকার
রক্ষা হোক

বস্তা ও মালচিং পদ্ধতিতে
সবজি উৎপাদন প্রদর্শনী

ত্রৈমাসিক সভা
ত্রৈমাসিক সভা

LEDARS
Local Environment Development and Agricultural Research Society

প্রধান কার্যালয়:
গ্রাম: মুন্সিগঞ্জ,
পোস্ট অফিস: কদমতলা,
উপজেলা: শ্যামনগর,
জেলা : সাতক্ষীরা, বাংলাদেশ
ইমেইল : info@ledars.org
ফোন নং: +৮৮ ০১৪০৯৯৬১৫০১
ওয়েভ : https//ledars.org

Head Office:
Village: Munshiganj,
Post Office: Kadamtola,
Upazila: Shyamnagar,
District : Satkhira, Bangladesh
Email : info@ledars.org
Phone : +88 01409961501
Web : https//ledars.org